



## ট্রাম্পের নির্বাহী আদেশ
## যুক্তরাষ্ট্রের দাপ্তরিক ভাষা শুধু ইংরেজি

**বাংলা পত্রিকা ডেস্ক:** ইংরেজিকে যুক্তরাষ্ট্রের সরকারি ভাষা তথা দাপ্তরিক ভাষা হিসেবে অনুমোদন দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার ট্রাম্প *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

## নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচনে প্রার্থী হলেন অ্যান্ড্রু কুমো



**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমো নিউইয়র্ক সিটির আসন্ন মেয়র নির্বাচনে তার প্রতিদ্বন্দ্বিতার কতা ঘোষণা করেছেন। শনিবার (১ মার্চ) তিনি এই ঘোসণা দেন। অ্যান্ড্রু কুমোর এই ঘোষণা বিলম্বে হলেও ডেমোক্র্যাটিক পার্টির আসন্ন প্রাইমারী নির্বাচনে বর্তমান মেয়র এরিক অ্যাডামসের দ্বিতীয় মেয়াদে প্রার্থীতার জন্য হুমকী হিসেবে *৫-এর পৃষ্ঠায় দেখুন*


The Weekly Bangla Patrika

# বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 23 / March 3, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৫ ॥ সোমবার ফাল্গুন ১৮, ১৪৩১ ॥ রমজান ৩, ১৪৪৬


# সিটি প্রশাসনে স্থান পেলেন বাংলাদেশি বংশোদ্ভুত সহ ৪ মুসলিম

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্ক সিটি প্রশাসনে গুরুত্বপূর্ণ পদে এক বাংলাদেশি বংশোদ্ভুত সহ মুসলিম কমিউনিটির ৪ ব্যক্তি নিয়োগ ও পদোন্নতি পেয়েছেন। কমিউনিটি অ্যাফেয়ার্স ইউনিটের (সিএইউ) আওতায় মেয়র এরিক অ্যাডামসের কার্যালয় বৃহস্পতিবার এ নিয়োগ ও পদোন্নতির ঘোষণা দিয়েছে।

নিউইয়র্ক সিটির বাসিন্দা এবং আশেপাশের এলাকার মুসলিম নিউইয়র্কারদের মধ্যে সম্পর্ক স্থাপনের চেষ্টার কার্যক্রমকে আরো ত্বরান্বিত করতে সিএইউ-এর আওতায় নতুন নিয়োগ ও পদোন্নতির ঘোষণা করা হয়। এ নিয়োগ মুসলিম সম্প্রদায়ের সঙ্গে প্রশাসনের সম্পর্ককে শক্তিশালী করবে । নতুন এ নিয়োগপ্রাপ্তরা এনওয়াইপিডি গোয়েন্দা মোহাম্মদ আমেনকে মুসলিম সিনিয়র



*নিউইয়র্ক সিটি প্রশাসনে পদোন্নতি প্রাপ্ত বাংলাদেশি বংশোদ্ভুত মেহেদি হাসান।*

উপদেষ্টা নিযুক্ত। বাংলাদেশি বংশোদ্ভুত আমেরিকান মেহেদী হাসান, পূর্বে এনওয়াইসি বিভাগের সাথে ছিলেন। ক্ষুদ্র ব্যবসা পরিষেবার ও মুসলিম লিয়াজোঁ হিসেবে নিযুক্ত। ফামোদ কোন্নেহ ডেপুটি কমিশনার/এথনিক আউটরিচে উন্নীত হয়েছেন এবং আতিয়া শাহনাজ মুসলিম মহিলা লিয়াজনের ভূমিকায় কাজ চালিয়ে যাবেন।

মুসলিম সম্প্রদায়ের প্রতি মেয়র অ্যাডামসের প্রতিশ্রুতি আরও জোরদার করতে এ নিয়োগ দেয়া হয়েছে বলে মেয়রের কার্যালয় জানিয়েছে।

মেয়র এরিক অ্যাডামস বলেন, ‘‘আমরা যে ব্যক্তিদের নিয়োগ ঘোষণা করছি তারা নিউইয়র্ক শহর জুড়ে আমাদের মুসলিম ভাই-বোনদের পাশাপাশি সমস্ত নিউ ইয়র্কারদের প্রতিনিধিত্ব করবে। তাদের কাজ আমাদের শহরকে নিরাপদ, আরও সাশ্রয়ী এবং *৫-এর পৃষ্ঠায় দেখুন*

# ডিপোর্টেশনের শিকার হলেন দুই বাংলাদেশি

**বাংলা পত্রিকা রিপোর্ট:** ট্রাম্পের গণ ডিপোর্টেশনে কার্যক্রমে এবার দুই বাংলাদেশিকে ফেরত পাঠানোর খবর পাওয়া গেছে। এর মধ্যে একজন শিক্ষার্থীকে ও আইস এর ডিটেনশনে থাকা এক ব্যক্তিকে সম্প্রতি বাংলাদেশে ডিপোর্টেশন করা হয়েছে। গত মঙ্গলবার জেএফকে এয়ারপোর্ট থেকে একজন শিক্ষার্থকে এবং গত শুক্রবার ডিটেনশনে থাকা ৩৫ বছর বয়সী একজন ব্যক্তিকে দেশে পাঠানো হয়।

নিউইয়র্ক সিটির একটি লো অফিসের সূত্রে জানা যায়, ম্যানহাটনের একটি লো অফিসের ক্লায়েন্ট ছিলেন ৩৫ বছর বয়সী একজন বাংলাদেশি ব্যক্তি। তিনি এদেশে আনডকুমেন্টেড অবস্থায় ছিলেন। সম্প্রতি তাঁকে গ্রেপ্তার করে আইস এর প্যানসিলভেনিয়ার ডিটেনশন সেন্টারে রাখা হয়। তাকে গ্রেপ্তারের পর লো অফিস তাকে আদালতের মাধ্যমে মুক্ত করার জন্য আবেদন করে। কিন্তু আইস কর্তৃপক্ষ ওই ব্যক্তির ডিপোর্টেশন অর্ডার ও এদেশে আনডকুমেন্টেড থাকায় তাকে শুক্রবার একটি এয়ার ফ্লাইটে ডিপোর্টেশন করে।

ওই ব্যক্তির এক স্বজন তাঁর ও ডিপোর্টেশনপ্রাপ্ত ব্যক্তির নাম প্রকাশ না করার শর্তে বাংলা পত্রিকাকে জানান, তিনি এদেশে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেছিলেন। কিন্তু কোন রুট দিয়ে আমেরিকায় প্রবেশ করেছিলেন সেটির প্রমাণ পত্র না থাকায় এদেশে আনডকুমেন্টেড অবস্থায় ছিলেন বেশ কয়েক বছর। তিনি জটিল রোগে আক্রান্ত হয়ে এদেশে চিকিৎসাও নিয়েছিলেন। গেপ্তারের পর বেশ কয়েকদিন তিনি আইস ডিটেনশনে ছিলেন। সর্বশেষ এটর্নী দ্বারা তার মুক্তির চেষ্টা করা হয়েছিলো। ডিপোর্টেশন অর্ডার ও আনডকুমেন্টেড হওয়ায় তাকে একটি ফ্লাইটে করে দেশে পাঠানো হয়। এ সময় তার সাথে একই ফ্লাইটে আইস এর ডিপোর্টেশন প্রক্রিয়ার আরো একাধিক ব্যক্তিকে ফেরত পাঠানো হয়েছে জানান তিনি। তবে তারা কোন দেশের সে বিষয়টি তিনি নিশ্চত করতে *১৩-এর পৃষ্ঠায় দেখুন*

# অনথিভুক্ত অভিবাসীদের রেজিস্ট্রেশন করতে হবে: না করলে জেল-জরিমানা

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্রে অবস্থানরত নিবন্ধনহীন বা অনথিভুক্ত অবৈধ অভিবাসীদের রেজিস্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্ট এর আওতায় আনার ঘোষণা করেছে ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। রেজিস্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্ট প্রদানে কেউ ব্যর্থ হলে ওই অনথিভুক্ত অভিবাসী ব্যক্তির বিরুদ্ধে জেল-জরিমানাসহ কঠোর ব্যবস্থা নেওয়া হবে। ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি মঙ্গলবার অনথিভুক্তদের নিবন্ধনভুক্ত করতে এ নির্দেশনার ঘোষণা দেয়। ডিএইচএস বলছে, এই পদক্ষেপটি ১৩ বছরের বেশি বয়সী অভিবাসীদের জন্য প্রযোজ্য। অর্থ্যাৎ ১৪ বছর বয়সী সকল অনথিভুক্ত অবৈধ অভিবাসী যারা ফেডারেল সরকারের কাছে তাদের তথ্য ও ফিঙ্গার প্রিন্ট দেননি তাদের ইউএসসিআইএস এর একটি অনলাইন ফরমের মাধ্যমে পূরণ করে রেজিস্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্ট দিতে হবে। তবে এ অনলাইন ফরমটি এখনো প্রকাশিত হয়নি।

ট্রাম্প প্রশাসনের উদ্বৃতি দিয়ে সিবিএস নিউজ তাদের প্রতিবেদনে বলেছে, যারা নিবন্ধিত হয়নি তাদের *৫-এর পৃষ্ঠায় দেখুন*

## উত্তপ্ত ১০ মিনিটেই ভেস্তে যায় ট্রাম্প-জেলেনস্কি আলোচনা

**বাংলা পত্রিকা ডেস্ক:** উত্তপ্ত ১০ মিনিটের বাক্য বিনিময়ের এক পর্যায়ে ভেস্তে গেছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ইউক্রেন প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কির বৈঠকের আলোচনা। হোয়াইট হাউসে জেলেনস্কি ও ট্রাম্পের মধ্যে বৈঠকটি উত্তপ্ত বাক্য বিনিময় আর বিশৃঙ্খলার মধ্যে শেষ হয়েছে।

*১২-এর পৃষ্ঠায় দেখুন*

# যুক্তরাষ্ট্রে সন্ধান মিললো সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামানের সম্পত্তির!



**বাংলা পত্রিকা রিপোর্ট:** ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের বিরুদ্ধে দেশ থেকে অর্থ পাচার করে যুক্তরাজ্যে বাড়িসহ বিপুল পরিমাণ সম্পত্তি ক্রয়ের খবর গণমাধ্যমে ওঠে এসেছিলো। এবার সাইফুজ্জামান চৌধুরী জাবেদের জানিয়েছে। যুক্তরাষ্ট্রে ও বিপুল সম্পত্তি ক্রয়ের খবর প্রকাশ হয়েছে। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা, নিউইয়কসহ বিভিন্ন স্টেটে সাইফুজ্জামান চৌধুরী ও তাঁর পরিবারের লোকজনের বিপুল সম্পত্তি রয়েছে বলে ব্রিটিশ সংবাদমাধ্যম ফিন্যান্সিয়াল টাইমস তাদের প্রতিবেদনে *১২-এর পৃষ্ঠায় দেখুন*


যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮


## এবার ছাঁটাই হচ্ছেন এসএসএ’র ৭ হাজার কর্মী

**বাংলা পত্রিকা রিপোর্ট:** সামাজিক নিরাপত্তা প্রশাসনের (এসএসএ) সাত হাজার কর্মী ছাঁটাই করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। কেন্দ্রীয় সরকারের কর্মী বাহিনীর আকার ছোট করার অংশ হিসেবে তাঁদের চাকরিচ্যুত করা হচ্ছে। সংস্থাটি যুক্তরাষ্ট্রের প্রায় ৭ কোটি ৩০ লাখ প্রবীণ ও *৫-এর পৃষ্ঠায় দেখুন*


CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

# জালালাবাদ এসোসিয়েশনের (বদরুল-হাকিম) ইফতার মাহফিল অনুষ্ঠিত

*শেষ পৃষ্ঠার পর*

রোববার (২ মার্চ) সন্ধ্যায় নিউইয়র্ক সিটির উডসাইডের গুলশান ট্যারেসে এই মাহফিলের অয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল মোহাম্মদ নূরুল হুদা। এতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ দোয়া মুনাজাতের মধ্য দিয়ে ইফতার মাহফিলের আনুষ্ঠানিকতা শুরু হয়। দোয়া পরিচালনা করেন শর্শীনার পীর মোহাম্মদ সাইফুল্লাহ সিদ্দিকী। সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সম্পাদক রুকন হাকিমের পরিচালনায় এতে সভাপতি বদরুল হোসেন খান সহ অতিথি ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

ইফতার মাহফিলে বিশেষ অতিথি ছিলেন সাবেক এমপি ও সাপ্তাহিক ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও জালালাবাদ এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক এম এম শাহীন, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি আজিমুর রহমান বুরহান, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, এসোসিয়েশনের উপদেষ্টা ছদরুন নূর, সাবেক সভাপতি বদরুন্নাহার মিতা, সাবেক সাধারণ সম্পাদক মঈনুল হক চৌধুরী হেলাল ও জুয়েল চৌধুরী,

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে অ্যাপলো ইন্স্যুরেন্স-এর প্রেসিডেন্ট ও সিইও শামসের আলী, আমেরিকান-বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনক'র প্রেসিডেন্ট আবদুস শহীদ, বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজীম প্রমুখ। এছাড়াও এসোসিয়েশনের কর্মকর্তাদের অনেকেই সপরিবারে ইফতার মাহফিলে অংশ নেন।




























*জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার উদ্যোগে কুইন্সের গুলশান টেরেস এ আয়োজিত ইফতার মাহফিল*

# জালালাবাদ এসোসিয়েশন (মইনুল-আসাদ) ইফতার মাহফিল

*শেষ পৃষ্ঠার পর*

কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সহ সভাপতি মওলানা ছয়ফুল আলম সিদ্দিকী। সংগঠনের সাধারণ সম্পাদক সম্পাদক আতাউল গনি আসাদের পরিচালনায় এতে সভাপতি মইনুল ইসলাম সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

ইফতার মাহফিলে সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান ছাড়াও বিভিন্ন মিডিয়ার সিনিয়র সাংবাদিক ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে বাংলাদেশ সোসাইটির ট্রাষ্ট্রি আব্দুল হাসিম হাসনু, দি অপষ্টিমিষ্টের মোহাম্মদ রফিকউদ্দিন চৌধুরী রানা, সোসাইটির সাবেক কর্মকর্তা জে মোল্লা সানি, এসোসিয়েশনের সাবেক সভাপতি সৈয়দ শওকত আলী, ট্রাষ্টি সৈয়দ জুবায়ের আলী, নির্বাচন কমিশনার প্রফেসর চন্নু, মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি মোহাম্মদ ফজলুর রহমান ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফাহাদ সোলায়মান, বিয়ানীবাজার সামাজিক সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সভাপতি আব্দুল মান্নান, সাবেক সভাপতি বুরহান উদ্দিন কফিল, বিশিষ্ট ট্রাভেল ব্যবসায়ী নজরুল ইসলাম, পান্না রেষ্টুরেন্টের স্বত্তাধিকারী বশির উদ্দিন, বিশিষ্ট রাজনীতিক শাহীন আজমল, বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজীম, বাকা'র সাধারণ সম্পাদক বদরুজ্জামান রুহেল, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জামাল হোসাইন, বেলাল আহমেদ চৌধুরী, আব্দুল করীম প্রমুখ উপস্থিত ছিলেন।





























The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

# স্বাগতম মাহে রমজান

মহান আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু করুণাময়। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাদেরকে মাহে রমজান দান করেছেন। আল্লাহর অফুরন্ত রহমতের অনন্য বৈশিষ্ট্যে ভরা পবিত্র মাস রমজানুল মোবারক ১ মার্চ শনিবার থেকে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় শুরু হয়েছে। আহ্লান সাহ্লান শাহ্রু রমাদান। সু-স্বাগতম পবিত্র মাহে রমজান। ওহে তাক্ওয়া অর্জনের মাস স্বাগতম, ওহে গুনাহ্ মাফের মাস তোমায় সহস্র মোবারকবাদ, বিশ্ব মুসলিম সারা বছর অপেক্ষায় থাকেন এ পুণ্যময় পুতপবিত্র মাসের। অসংখ্য ফজিলত ও মর্যাদাপূর্ণ মাস এটি। পবিত্র কোরআনে বর্ণিত হয়েছে, 'শাহ্রু রমাদ্বান আল্লাজি উনজিলা ফিহিল কোরআন'। রমজান মাস, যাতে কোরআন অবতীর্ণ হয়েছে। মানব জাতির হেদায়তের জন্য এ গ্রন্থখানা সৎপথের স্পষ্ট নিদর্শন এবং সত্যাসত্যের পার্থক্যকারী। পবিত্র কোরানে আরবি বারো মাসের মধ্যে একমাত্র রমজান মাসের নাম উল্লেখ আছে। সর্বশ্রেষ্ঠ মহাগ্রন্থ আল কুরআন অবতীর্ণের কারণেও এ মাস শ্রেষ্ঠত্বের অধিকারী।

নবুওয়তের পনেরতম বর্ষে শাওয়াল মাসের দশ তারিখ, দ্বিতীয় হিজরি সনে রোজা ফরজ হয়। আত্মিক (আধ্যাত্মিক) উন্নতি তথা মনের পবিত্রতা লাভের এক সুবর্ণ সুযোগ এনে দেয় সিয়াম-সাধনা। রোজা আদায়ের মাধ্যমে আত্মার পরিশুদ্ধি, প্রবৃত্তির নিয়ন্ত্রণ ক্ষমতা এবং ইবাদতের প্রতি অধিক মনোনিবেশ করার ইচ্ছাশক্তি জাগ্রত হয়। ওজু গোসল দ্বারা মানুষের শরীর পবিত্র হয় আর রোজার দ্বারা মানুষের আত্মা এমন পুতঃপবিত্র হয় যাতে করে আল্লাহর ইবাদতের প্রতি আগ্রহ তৈরী হয়।

নাফ্স ও রুহের সমন্বিতরূপই জীবন। নাফস্ খানাপিনার দ্বারা শক্তিশালি হয়, পক্ষান্তরে রোজার দ্বারা নাফস্ দুর্বল হয় ফলে আত্মা শক্তিশালী হয়ে ইবাদতের প্রতি উৎসাহী হয়। মুসলমানদের পাপমুক্ত করে সুন্দর, সুস্থ ও পবিত্র জীবন গঠনের সুযোগ দানের জন্যই মহান আল্লাহর পক্ষ হতে এক অনন্য নেয়ামত রমজানুল মোবারকের এ মাস।

মুমিন মুসলমানগণ দুনিয়ার ক্ষণস্থায়ী জীবনে শয়তানের ধোঁকায় পড়ে নানা পাপ-পঙ্কিলতায় নিমজ্জিত হয়ে পড়ে। চিরস্থায়ী জীবনের কথা ভুলে যখন পথভ্রষ্ট হয়, তখন তাদের পাশবিকতার পঙ্কিল থেকে উদ্ধার করে দেহ-মনকে পবিত্র করে আল্লাহর নির্দেশিত পথে জীবন গঠনের মাধ্যমে খাঁটি মুমিনে পরিণত করাই রমজানের সিয়াম সাধনার উদ্দেশ্য। মাসব্যাপী রোজা আদায়ের দ্বারা রোজাদারের সমস্ত পাপ ধুয়ে-মুছে পবিত্র হয়ে যায়, দেহ-মনে পুতঃপবিত্র হয়। তইতো পবিত্র রমজান মাস আসলে মুসলমান সমাজে এক অপার্থিব আনন্দের সূচনা হয়।

হাদীস শরীফে বর্ণিত হয়েছে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম ইরশাদ করেন, রমযানের চাঁদ উদয় হওয়ার সাথে সাথে আসমানের দরজাসমূহ খুলে দেওয়া হয়। অপর বর্ণনায় রয়েছে বেহেস্তের দরজাসমূহ খুলে দেওয়া হয় দোজখের দরজা সমূহ বন্ধ করে দেওয়া হয়। শয়তানকে শিকলাবদ্ধ করা হয়। অপর বর্ণনায় এসেছে রহমতের দরজা সমূহ খুলে দেওয়া হয়। এ হাদীসের ব্যাখ্যায় বলা হয়েছে আসমানের দরজা সমূহ খুলে দেওয়ার অর্থ হলো রহমত নাজিল করা এবং বেহেস্তের দরজাসমূহ খুলে দেওয়ার অর্থ হলো ভাল কাজের তাওফিক দেওয়া, যা বেহেস্তে প্রবেশ করার উসিলা হয়। 'শয়তানকে শিকলাবদ্ধ করা হয়' এর ব্যাখ্যায় হাদীস বিশারদ মোল্লা আলী কারী রহমাতুল্লাহি আলায়হি বলেন- শয়তান রমযান মাসে মানুষকে পথভ্রষ্ট করতে তেমন সুযোগ পায়না যেমন সুযোগ অপর মাসে পায়। কেননা রমযান মাসে রোজাদার কোরআন তেলাওয়াত ও অপরাপর ইবাদত বন্দেগীতে লিপ্ত থাকে। ফলে কুপ্রবৃত্তি নিয়ন্ত্রণ হয়। এ মাসে নেক কাজের এমন বায়ু প্রবাহিত হয় যে,মন আপনা আপনি নেক কাজের জন্য প্রস্তুত হয়ে যায়। আল্লাহ তাআলার ঘোষক নেক কাজে লিপ্ত বান্দাদের পিঠ চাপড়িয়ে চাপড়িয়ে সম্মুখে অগ্রসর করে। এমতাবস্থায় মুমিন বান্দা অত্যন্ত উৎসাহ উদ্দিপনা নিয়ে সৎকাজে আত্মনিয়োগ করে। তাই দেখা যায় রমযান মাসে ছোট বড় সকলে পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ে একাগ্র হয় প্রফুল্ল মন নিয়ে। সাথে সাথে রাতের বেলা তারাবীর বিশ রাকাত নামাজ খুশি মনে আদায় করে। মুসলমানদের মাঝে ইবাদত-বন্দেগীর প্রতি উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়। প্রতিটি মসজিদ মুসল্লীতে ভরপুর হয়ে উঠে।

দেশে দেশে সরকার, প্রশাসন, স্থানীয় সব কর্তৃপক্ষ ও মসজিদ কমিটির কর্মকর্তাদের উচিৎ পবিত্র রমজান মাসে মুসল্লিদের ইবাদত বন্দেগীর সুবিধার্তে নিজ নিজ স্থান থেকে সাধ্যমতো সহযোগীতা করা। যাতে ধর্মপ্রাণ মুসল্লিগণ নির্বিঘ্নে রোজা-নামাজ আদায় করতে পারেন। মুসলমান-রোজাদারের প্রতি সম্মান প্রদর্শন করে দিনের বেলায় যেন সব ধরনের অশ্লীল কার্যকলাপ হতে না পারে, সে দিকে দৃষ্টি দেওয়া।

মহান আল্লাহ আমাদের সকলকে যথাযথভাবে রোজা আদায়ের মাধ্যমে সিয়াম-সাধনার উদ্দেশ্য পূরণের তৌফিক দিন- আমিন।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

## জাতীয় নাগরিক পার্টি

# নতুন দলের সাফল্য নির্ভর করবে নতুন রাজনীতিতে

মোহাম্মদ গোলাম নবী

অনেক আশা-আকাঙ্ক্ষার মধ্য দিয়ে জন্ম নিল নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। নেতৃত্বে রয়েছে তরুণ বয়সীরা। আমরা যারা স্বাধীনতার কয়েক বছর আগে-পরে জন্ম নিয়েছি, তাদের সন্তানরাই আছে এই দলে। যে কাজগুলো দেশের সঙ্গে বড় হয়ে ওঠা আমাদের প্রজন্ম করতে ব্যর্থ হয়েছে, সেই কাজগুলো করার ভার তাদের ওপর। ইতোমধ্যে তারা তাদের নেতৃত্বের গুণাবলি দেখাতে পেরেছে। তাদের বয়সী দেশের সব শিক্ষার্থী, পেশাজীবী ও আমজনতাকে রাজপথের আন্দোলনে সম্পৃক্ত করার মধ্য দিয়ে তারা ১৬ বছর ধরে জনগণের ওপর জগদ্দল পাথরের মতো বসে থাকা কর্তৃত্ববাদী শেখ হাসিনা সরকারকে সফলভাবে হটিয়েছে। এখন রাষ্ট্রের সামগ্রিক উন্নয়নে নেতৃত্ব দিতে তারা এনসিপি গঠন করেছে।

বাংলাদেশে শুধু রাজনীতিতেই পরিবারতন্ত্র আছে, তা নয়। দুর্নীতিতেও যে পরিবারতন্ত্র প্রকটভাবে বিরাজমান, সেটা ১/১১-তে প্রথমবারের মতো সুস্পষ্ট হয়েছিল। পরে শেখ হাসিনা সরকারের সময়ে পরিবারতন্ত্রের ব্যাপকতা সবার নজরে আসে।

এনসিপি নেতৃত্বে যারা আছেন, যারা এতে ইতোমধ্যে যোগ দিয়েছে এবং আগামীতে যোগ দেবে, তাদের প্রথম লড়াইটা করতে হবে নিজ পরিবারের সদস্যদের সঙ্গে। আমি আগেই বলেছি তরুণদের এই রাজনৈতিক দলে যারা থাকবে, তাদের পিতামাতারা আমাদের প্রজন্মের। আমাদের প্রজন্মের মানুষ ইতোমধ্যে রাষ্ট্রের সব সরকারি দপ্তরের শীর্ষ কিংবা দ্বিতীয় সর্বোচ্চ পদে বসে গেছে। এমনকি অর্থনীতির চালিকাশক্তি ব্যবসায়ী সংগঠনগুলোর নেতৃত্বেও পারিবারিক সূত্রে আমাদের বয়সীরা ইতোমধ্যে চলে এসেছে।

আমরা অতীতে আরও লক্ষ্য করেছি দেশের প্রধান প্রধান রাজনৈতিক দলের ব্যানারে বিভিন্ন পেশাজীবী ও ব্যবসা-বাণিজ্য সংগঠন তৈরি হয়। সেই সংগঠনের নেতৃত্বে থাকে রাজনৈতিক দলের নেতাদের আত্মীয়স্বজন ও আশীর্বাদপুষ্ট ব্যক্তিরা। এই প্ল্যাটফর্মগুলোতে ভোটাভুটি হয় ঠিকই কিন্তু ক্ষমতায় থাকে ক্ষমতাসীন দলের আশীর্বাদপুষ্টরা। নতুন দলকে এই জায়গাতেও লড়াইটা করতে হবে। তাদের পরিবারে যে মেধাবী ও সুযোগসন্ধানী আত্মীয়স্বজন রয়েছে, তারা তাদেরকে ব্যবহার করে 'লাইফটাইম অ্যাচিভমেন্টের' দিকে যেতে চাইবে। কারণ এটিই আমরা, আমাদের সংস্কৃতি।

ব্যক্তিগত লোভ মোকাবিলা করার পাশাপাশি নতুন দলকে দলীয়ভাবে লুটপাটে লিপ্ত হওয়ার প্রবণতাও ঠেকাতে পারতে হবে। দলীয়ভাবে লুটপাট অন্য অনেক কিছুর আড়ালে করা হয়। তার একটি হলো, দেশের জনগণকে বিভক্ত করা। এ প্রেক্ষাপটে নতুন দলের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘোষণাটি হলো, বাংলাদেশপন্থি হতে চাওয়া।

১৯৭১ সালের স্বাধীনতার পর বাংলাদেশের রাজনীতির বড় বড় শক্তি তাদের রাজনৈতিক সুবিধা আদায়ে বিভক্তির রাজনীতি করে আসছে। সেখানে ভারত ও পাকিস্তান ইস্যু ছিল প্রতিপক্ষকে ঘায়েল করার কৌশল মাত্র। তবে ২০১৪ সালের বিতর্কিত দশম জাতীয় নির্বাচনে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ প্রথমবারের মতো ভারতকে বাংলাদেশের নির্বাচনে হস্তক্ষেপের সুযোগ করে দেয়। যার ধারাবাহিকতায় পরবর্তী দুটি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, যেখানে জনগণ ভোট দিতে পারেনি, নতুন দলের নেতাকর্মীও রয়েছেন এ ভোটাধিকারবঞ্চিতদের মধ্যে। ফলে এটি প্রত্যাশিত ছিল যে তারা এমন কিছু ঘোষণা করবেন, যা 'শেখ হাসিনা' তৈরির পথ বন্ধ করবে। দলের আহ্বায়ক নাহিদ ইসলাম গণতান্ত্রিক নতুন সংবিধান প্রণয়নের মাধ্যমে সাংবিধানিক স্বৈরতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার সব আশঙ্কার অবসান ঘটানোর কথা বলেছেন। একই সঙ্গে তারা এটিও বলেছেন, বাংলাদেশকে বিভাজিত করা যাবে না।এটি আশাজাগানিয়া। এর মধ্য দিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক রাজনীতির সূচনার সম্ভাবনাও দেখা দিয়েছে।

নতুন দলের সামনে এখন চ্যালেঞ্জ হলো, তাদের ঘোষণাপত্র বাস্তবায়নে তারা কী করবেন এবং কীভাবে করবেন, তা সুস্পষ্ট করা। আমরা জানি, বাংলাদেশের মাটিতে ইচ্ছা ও স্বপ্ন এবং তার বাস্তবায়নের মধ্যে বিরাট পার্থক্য থাকে। অনেক চ্যালেঞ্জ থাকে। কিছু চ্যালেঞ্জের কথা আমি ওপরে বলেছি। আরও চারটি বড় চ্যালেঞ্জ আছে। প্রথমটি হলো, শেখ হাসিনার কর্তৃত্ববাদী শাসনামলে চুরমার হওয়া প্রাতিষ্ঠানিকতা ও তার বিপরীতে গড়ে ওঠা ব্যক্তিকেন্দ্রিক সিস্টেমকে কীভাবে ভেঙে দিয়ে প্রাতিষ্ঠানিকতাকে ফিরিয়ে আনা হবে সেই বিষয়টি নতুন দল এনসিপিকে সুস্পষ্ট করতে হবে। দ্বিতীয় বড় চ্যালেঞ্জটি হলো, ৫৪ বছর ধরে ইটপাথরের উন্নয়নের যে ভুল ধারণা গণমানুষের মনে গেঁথে দেওয়া হয়েছে, সেই ভুল বয়ান পরিবর্তন করা এবং প্রকৃত উন্নয়ন যে 'সুশাসন, ন্যায়বিচার প্রতিষ্ঠা, জীবনমানের উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিকতা', এর প্রতি তাদের সমর্থন আদায় করা। তৃতীয় চ্যালেঞ্জটি হলো, দেশের আইন, শাসন ও বিচার বিভাগকে যার যার কর্মক্ষেত্রের পরিধির মধ্যে ফেরত পাঠানো। চতুর্থ ও শেষ বড় চ্যালেঞ্জটি হলো, স্থানীয় সরকারের সব কার্যক্রম থেকে সংসদ সদস্যদের বিচ্ছিন্ন করা এবং সংসদ সদস্য পদে আইন প্রণয়নে নিবেদিত হবে, কোনো ধরনের ক্ষমতা ও অর্থের লোভে আক্রান্ত হবে না এমন ব্যক্তিদের মনোনয়ন দেওয়া নিশ্চিত করার দাবি তোলা ও আদায় করা।

যারা নতুন দলের নেতাদের বয়স নিয়ে কথা বলছেন, তাদের ১৯৫২ থেকে বাংলাদেশিদের স্বাধিকার ও স্বায়ত্তশাসনের আন্দোলন, সংগ্রাম ও রাজনীতি এবং তৎপরবর্তী ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে যারা নেতৃত্ব দিয়েছেন, তাদের বয়স জানার জন্য বলব। যারা এনসিপি-কে কোনো কোনো রাজনৈতিক দলের বি টিম বা সি টিম হিসেবে আখ্যায়িত করছেন, তাদেরকে এই নতুন দলের বিরুদ্ধে ষড়যন্ত্র করা থেকে বিরত থাকার কথা বলব।

আমি ব্যক্তিগতভাবে এই দলের সাফল্য কামনা করি দু'ভাবে। এক. এনসিপি একটি গণতান্ত্রিক দল হিসেবে নিজে প্রতিষ্ঠিত হোক। দুই. এই দলের চর্চাগুলো যেন অন্যান্য রাজনৈতিক দলের ওপর এমন পরোক্ষ চাপ তৈরি করতে পারে, যার মধ্য দিয়ে বাংলাদেশ সত্যিকারের গণমানুষের দেশ হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ পাবে। সব শেষে বলব, আমরা যা পারিনি, আমাদের সন্তানরা যেন সেটা করে দেখাতে পারে, সেই প্রার্থনা করি।




*লেখক: প্রতিষ্ঠাতা ও পরিচালক, রাইট টার্ন*





## এক স্লিপ

*শেষ পৃষ্ঠার পর*

বিভক্ত সংগঠনগুলো একই দিনে ইফতার পার্টির আয়োজন করছে। তাহলে রমজানের শিক্ষা কোথায়? আরো বললেন- যেকোন ধর্মকর্ম সংশ্লিস্টদের সৎ, ঐক্যবদ্ধ হওয়া, ধর্মপরায়ন, একে অপরের সহমর্মি-সহযোগি হতে শিখায়। আমরা মুসলিম কমিউনিটি রমজান পালন করছি, কিন্তু রমজান থেকে কি তার প্রকৃত শিক্ষা নিতে পারছি?

০২ মার্চ ২০২৫

## সম্প্রসারণে প্রয়োজন ৮ মিলিয়ন ডলার

*শেষ পৃষ্ঠায় পর*

নামাজ পড়ার দৃশ্য চোখে পড়ছে। দুই যুগেরও বেশী সময় ধরে পরিচালিত হচ্ছে ওজন পার্কের আল ফোরকান জামে মসজিদ ইন্ক। মুসল্লিদের সংখ্যা বেড়ে যাওয়ায় মসজিদের জায়গা সীমিত হওয়ার কারণে রীতিমত বিপাকে পড়েছেন মসজিদ কর্তৃপক্ষ। মসজিদের পরিধি বাড়ানোর জন্য দরকার বিপুল পরিমাণ অর্থ।

নিউইয়র্ক সিটির ওজন পার্কের ৭৬ স্ট্রিট, গ্লেন মোর এভিনিউ ঠিকানায় প্রতিষ্ঠিত আল ফুরকান জামে মসজিদে দুই যুগেরও বেশি সময় ধরে ধর্মপ্রাণ মুসলমানগন নামাজ পড়ছেন।

৪ হাজার স্কয়ার ফিটের এই মসজিদটি বর্তমানে বেশ নাজুক অবস্থায় দাঁড়িয়েছে। সপ্তাহে জুমা এবং ঈদের জামাতের জন্য মসজিদের ভিতরে মুসল্লিদের জায়গা না হওয়ায় রাস্তায় নামাজ আদায় করতে হয়। এমন অবস্থায় মসজিদ কর্তৃপক্ষের সিদ্ধান্তে ৮ হাজার স্কয়ার ফিটের একটি নতুন মসজিদ স্থাপনার কাজ হাতে নেয়া হয়েছে।

নতুন মসজিদ স্থাপনার জন্য ৭ দশমিক ২৮ মিলিয়ন ডলার প্রয়োজন। মাত্র ১০% ডলার মসজিদ কর্তৃপক্ষের হাতে থাকায় ৯০% আর্থিক সাহায্য প্রয়োজন। পুরো মসজিদ স্থাপনা শেষ করতে প্রাথমিকভাবে দুই মিলিয়ন ডলার প্রয়োজনের কথা জানিয়েছেন মসজিদ কর্তৃপক্ষ। ধর্মীয় স্থাপনায় মুসলিম কমিউনিটিসহ সবার সাহায্য সহযোগিতায় দ্রুত এই স্থাপনাটির কাজ শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করছেন মসজিদের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিরা।

# সিটি প্রশাসনে স্থান পেলেন বাংলাদেশি বংশোদ্ভুত সহ ৪ মুসলিম



*প্রথম পৃষ্ঠার পর*

পরিবার প্রতিপালনের জন্য সর্বোত্তম স্থান হিসাবে গড়ে তোলার দিকে আমাদের দৃষ্টি নিবদ্ধ করতে সহায়তা করবে।"

**মেহেদী হাসান:** মেহেদী হাসান একজন বাংলাদেশি-আমেরিকান। তিনি কমিউনিটি আউটরিচ, ব্যবসা এবং জনসেবায় একজন অভিজ্ঞ। নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ স্মল বিজনেস সার্ভিসেস-এ কমিউনিটি আউটরিচের সহকারী পরিচালক হিসাবে তাঁর আগের ভূমিকায় হাসান এমন উদ্যোগের নেতৃত্ব দিয়েছিলেন যা ছোট ব্যবসাগুলিকে শক্তিশালী করেছিল এবং শহর জুড়ে মূল অংশীদারিত্বকে উৎসাহিত করেছিল। এর আগে সিনিয়র কমিউনিটি লিয়াজোঁ এবং বিজনেস আউটরিচ বিশেষজ্ঞ হিসাবে তিনি সফলভাবে হাজার হাজার নিউ ইয়র্কারকে সার্বিক সফল কাজে সংযুক্ত করেছিলেন। নিউইয়র্ক শহরের শিক্ষা বিভাগের স্কুল খাদ্য পরিষেবা ব্যবস্থাপক হিসাবে বড় আকারের স্কুল খাবারের কর্মসূচি পরিচালনা করে তাঁর নেতৃত্ব জনস্বাস্থ্যেও প্রসারিত হয়েছে। হাসান সিটি ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক, ইয়র্ক কলেজ থেকে কমিউনিটি হেলথে স্নাতক ডিগ্রি অর্জন করেছেন।

**এনওয়াইপিডি গোয়েন্দা মোহাম্মদ আমেন:** ১৮ বছরের বিশিষ্ট পরিষেবা সহ একজন অত্যন্ত সম্মানিত এনওয়াইপিডি কর্মকর্তা গোয়েন্দা মোহাম্মদ আমেন আইন প্রয়োগকারী এবং বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে একটি চালিকা শক্তি। সাংস্কৃতিক সম্পৃক্ততা এবং আন্তঃধর্মীয় সম্পর্কের ক্ষেত্রে তাঁর দক্ষতা আস্থা, উন্মুক্ত সংলাপ এবং সমস্ত বাসিন্দাদের উপকৃত করে এমন ন্যায়সঙ্গত নীতি প্রচারে সহায়ক ভূমিকা পালন করেছে। আমেন কায়রো বিশ্ববিদ্যালয় আইন বিদ্যালয় থেকে জুরিস ডক্টরেট, নিউইয়র্কের ইন্টারফেইথ সেন্টারে ফেলোশিপ এবং জন জে কলেজে নেতৃত্বের প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

**ফামোদ কোন্নেহ:** ফামোদ কোন্নেহ একজন অভিজ্ঞ এবং নিবেদিতপ্রাণ সরকারি কর্মচারী যিনি মেয়রের কার্যালয়ে এক দশকেরও বেশি সময় ধরে নগর সরকারের অভিজ্ঞতা নিয়ে এসেছেন। ২০২৪ সালে কোন্নেহ সিএইউতে সহযোগী কমিশনার হিসাবে যোগদান করেন। এর আগে মেয়রের এথনিক এবং কমিউনিটি মিডিয়ার অফিসে প্রচারের সহযোগী পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। স্থানীয় জাতিগত এবং সম্প্রদায় মিডিয়ার জন্য সিটি হলের যোগাযোগ কৌশলকে নেতৃত্ব ও সমন্বয় করেছিলেন। তিনি পূর্ববর্তী প্রশাসনে এনওয়াইসি হেলথ হসপিটাল টেস্ট/ট্রেস কর্পসে কমিউনিটি পার্টনারশিপের পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। কোন্নেহ লাইবেরিয়া বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক এবং বারুচ কলেজ থেকে জনপ্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

**আতিয়া শাহনাজ:** আতিয়া শাহনাজ সিএইউ-এর একজন নিবেদিত মুসলিম মহিলা লিয়াজোঁ, যিনি মুসলিম নারী এবং বিভিন্ন সম্প্রদায়ের অধিকার ও প্রতিনিধিত্বের পক্ষে সওয়াল করেন। ১৫ বছরেরও বেশি সময় ধরে একজন আবেগপ্রবণ কমিউনিটি অ্যাক্টিভিস্ট, তিনি ক্ষমতায়ন, সমর্থন এবং সামাজিক ন্যায়বিচারের উপর দৃষ্টি নিবদ্ধ করে একটি অলাভজনক মহিলা সংস্থার নেতৃত্ব দিয়েছেন। সিটি হলে যোগদানের আগে তিনি স্বাস্থ্যসেবা ব্যবস্থাপক হিসাবে কাজ করেছিলেন। তাঁর বৈজ্ঞানিক দক্ষতা, তৃণমূল সক্রিয়তা এবং জনসেবার অনন্য মিশ্রণ তাঁকে নিউ ইয়র্ক সিটিতে অর্থবহ পরিবর্তন আনতে এবং কম প্রতিনিধিত্বকারী সম্প্রদায়গুলিকে উন্নীত করতে সক্ষম গয়। পেশায় শাহনাজ একজন জৈব রসায়নবিদ। তিনি জৈব রসায়নে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন এবং পিএইচডি স্কলার যিনি অ্যারিজোনা বিশ্ববিদ্যালয়ে জৈব যৌগগুলির বিচ্ছিন্নতা নিয়ে তাঁর থিসিস সম্পন্ন করেছেন।

আমেন গণমাধ্যমে বলেন, ''নিউইয়র্কের প্রতি নয়জনের মধ্যে একজনকে মুসলিম হিসাবে চিহ্নিত করা হচ্ছে, তাই শহরের নেতৃত্বে মুসলিম কণ্ঠস্বরের প্রতিনিধিত্ব থাকা অপরিহার্য। একজন গর্বিত মুসলমান এবং মিশর থেকে আগত অভিবাসী হিসাবে আমি সেবা করতে পেরে সম্মানিত বোধ করছি।

গণমাধ্যমে শাহনাজ বলেন, ''মেয়রের কার্যালয়ের কমিউনিটি অ্যাফেয়ার্স ইউনিটের মধ্যে মুসলিম মহিলা যোগাযোগ হিসাবে কাজ করা একজন গর্বিত মুসলিম পাকিস্তানি মহিলা হিসাবে, আমি আমার সম্প্রদায়ের ক্ষমতায়ন, অন্তর্ভুক্তি বৃদ্ধি এবং মুসলিম মহিলাদের কণ্ঠস্বরকে প্রশস্ত করার জন্য নিবেদিত।"

# অনথিভুক্ত অভিবাসীদের রেজিস্ট্রেশন করতে হবে

*প্রথম পৃষ্ঠার পর*

একটি অনলাইন ফর্মের মাধ্যমে রেজিস্ট্রিতে যোগদানের সুযোগ দেওয়া হবে যা এখনও প্রকাশিত হয়নি। এটি করতে ব্যর্থ হলে ফৌজদারি মামলা হতে পারে বলে কর্মকর্তারা সতর্ক করেছেন।

প্রশাসনের কর্মকর্তারা মঙ্গলবারের ঘোষণাকে এমন একটি আইন প্রয়োগ করে অননুমোদিত অভিবাসীদের স্ব-নির্বাসনে উৎসাহিত করার একটি উপায় হিসাবে তৈরি করেছেন যা তারা বলেছে যে এর আগে ডেমোক্র্যাটিক এবং রিপাবলিকান প্রশাসন দ্বারা উপেক্ষা করা হয়েছিল। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলাফলিন এক বিবৃতিতে বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প ও পররাষ্ট্রমন্ত্রী নোয়েম আমাদের দেশে অবৈধভাবে বসবাসকারীদের জন্য একটি স্পষ্ট বার্তা দিয়েছেন। তিনি বলেন, ''এখনই চলে যান। আপনি যদি এখনই চলে যান, তাহলে আপনার ফিরে আসার এবং আমেরিকার স্বপ্নকে বাঁচানোর সুযোগ থাকতে পারে।''

রেজিস্ট্রি প্রয়োজনীয়তা বিশেষভাবে ১৪ বা তার বেশি বয়সের অননুমোদিত অভিবাসীদের জন্য প্রযোজ্য যারা কর্মকর্তাদের কাছে আঙুলের ছাপ জমা না দিয়ে বা নির্দিষ্ট অভিবাসন আবেদন দাখিল করে সরকারের সাথে নিবন্ধন না করে ৩০ দিনেরও বেশি সময় ধরে ইউএসএ এ রয়েছেন। এদের মধ্যে সেই দেশের নাগরিকরাও রয়েছেন, যাঁদের ইমিগ্রেশন কর্মকর্তাদের দ্বারা আনুষ্ঠানিকভাবে ভর্তি বা পরিদর্শন করা হয়নি।

রেজিস্ট্রি প্রয়োজনীয়তা সাপেক্ষে কিশোর-কিশোরীদের বাবা-মা বা আইনি অভিভাবকদের অবশ্যই তাদের পক্ষ থেকে নিবন্ধন করতে হবে। মঙ্গলবার কর্মকর্তারা জানিয়েছেন, যারা নিবন্ধন করবেন তারা একটি নিবন্ধকরণ নথি পাবেন যা প্রাপ্তবয়স্কদের সর্বদা বহন করতে হবে এবং তাদের কাছে রাখতে হবেচ। ওয়াল স্ট্রিট জার্নাল মঙ্গলবারের শুরুতে নীতি পরিবর্তনের বিষয়ে প্রথম প্রতিবেদন করেছিল।

নতুন নীতিটি বৈধ স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। এছাড়া যে অভিবাসীদের প্যারোল নামে পরিচিত অভিবাসন নীতির অধীনে স্বাগত জানানো হয়েছিল অথবা যাদের ভিসা দেওয়া হয়েছে, এমনকি তারা অতিরিক্ত সময় ধরে থাকলেও। এছাড়াও সরকারি কাজের অনুমতিপ্রাপ্ত অভিবাসী বা অভিবাসন আদালতের কার্যক্রমে নিযুক্ত অভিবাসীদের ক্ষেত্রেও এটি প্রযোজ্য নয়।

কর্মকর্তারা বলেছেন যে মঙ্গলবারের ঘোষণাটি রাষ্ট্রপতি ট্রাম্প তার দ্বিতীয় প্রশাসন শুরু করার মাত্র কয়েক ঘন্টা পরে গত মাসে জারি করা একটি নির্বাহী পদক্ষেপ মেনে চলার জন্য তৈরি করা হয়েছে। পরিকল্পনাটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের যুগের একটি আইনের উপর নির্ভর করে যা প্রাথমিকভাবে সন্দেহভাজন কমিউনিস্টদের সনাক্ত করার জন্য একটি অভিবাসন রেজিস্ট্রি তৈরি করেছিল।

# নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচনে প্রার্থী হলেন অ্যান্ড্রু কুমো

*প্রথম পৃষ্ঠার পর*

দেখছেন রাজনৈতিক বিশ্লেষকরা। কারো কারো মতে কুমোর প্রার্থীতার ঘোষণা মেয়র অ্যাডামসের রাজনৈতিক মৃত্যুও এনে দিতে পারে। দীর্ঘ ছয় মাস নানা হিসাব নিকাশ ও পর্যবেক্ষনের পর কুমো মেয়র পদে তার প্রার্থীতা ঘোষণা করলেন। ইউটিউবে পোস্ট করা তার ১৭ মিনিট ৩০-সেকেন্ডের দীর্ঘ ঘোষণা ভিডিওতে কুমো বিস্তারিত তুলে ধরে বলেছেন, 'নিউইয়র্ক শহরটি কেবল হুমকিস্বরূপ, নিয়ন্ত্রণের বাইরে বোধ করছে।'

উল্লেখ্য, নিউইয়র্ক স্টেটের সাবেক জনপ্রিয় গভর্ণর এন্ড্রু কুমোর পাশাপাশি সিটির আগামী ২৪ জুন অনুষ্ঠিতব্য মেয়র নির্বাচনের ডেমোক্র্যাট দলীয় প্রইমারীতে অন্যান্য উল্লেখযোগ্য প্রার্থীর মধ্যে আরো রয়েছেন বর্তমান মেয়র এরিক অ্যাডামস, সিটি কম্পট্রোলার ব্র্যান্ড ল্যান্ডার, স্টেট সিনেটর জেসিকা রামোস, স্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী প্রমুখ।

# এবার ছাঁটাই হচ্ছেন এসএসএ'র ৭ হাজার কর্মী

*প্রথম পাতার পর*

প্রতিবন্ধী মানুষকে প্রতি মাসে নানা ধরনের সুযোগ-সুবিধা সরবরাহ করে।

শুক্রবার এক বিবৃতিতে এসএসএ জানায়, আমরা কর্মীর সংখ্যা ১২ শতাংশের বেশি কমাতে যাচ্ছি। বাড়তি কর্মী ও সংগঠনের কাঠামো সংকুচিত করার পরিকল্পনার অংশ হিসেবে এটা করা হচ্ছে। সংস্থার কার্যকারিতা এবং যেসব কর্মী সংস্থার সেবা সরবরাহের সঙ্গে সরাসরি সংশ্লিষ্ট নন, তাঁদের ভূমিকা খতিয়ে দেখা হচ্ছে।


এসএসএর বিবৃতিতে আরও বলা হয়, সামাজিক নিরাপত্তা সংস্থার বর্তমানে প্রায় ৫৭ হাজার কর্মী রয়েছে। আমরা এটাকে কমিয়ে ৫০ হাজারে নিয়ে আসার লক্ষ্য নির্ধারণ করেছি। পাশাপাশি সংস্থার আঞ্চলিক অফিস ১০ থেকে কমিয়ে চারে নামিয়ে আনা হবে।

এসএসএ যুক্তরাষ্ট্রের অবসরপ্রাপ্ত প্রবীণ ব্যক্তিদের সুযোগ-সুবিধা ও তাঁদের পেনশনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা দেশটির সেসব অল্পসংখ্যক সরকারি বিভাগের একটি, যেটাতে রাজনীতিবিদেরা সাধারণত হস্তক্ষেপ করেন না। পুনরায় নির্বাচিত হলে সামাজিক নিরাপত্তা সংস্থায় হস্তক্ষেপ করবেন না বলে ২০২৪ সালের নির্বাচনী প্রচারণায় বারবার প্রতিশ্রুতি দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্প। কিন্তু সেই প্রতিশ্রুতি লঙ্ঘন করতে চলছে ট্রাম্প প্রশাসন। কেন্দ্রীয় সরকারের ব্যয় কমানোর জন্য সরকারি দক্ষতা বিভাগ (ডিওজিই) চালু করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর প্রধান করা হয়েছে ধনকুবের ইলন মাস্ককে। এসএসএর কর্মী ছাঁটাইয়ের পরিকল্পনা নিয়ে হোয়াইট




# সে আগুন ছড়িয়ে গেল

সাইফুর রহমান তপন




১ মার্চ, ১৯৭১। জেনারেল ইয়াহিয়া সদ্যগঠিত পাকিস্তান জাতীয় পরিষদের নির্ধারিত প্রথম অধিবেশন স্থগিত করার পরপরই সংখ্যাগরিষ্ঠ দলের নেতা শেখ মুজিবুর রহমান ২ ও ৩ মার্চ দেশব্যাপী হরতাল আহ্বান করেন। প্রথম দিনের হরতালটি অভূতপূর্ব সাড়া পায়। শহীদজননী জাহানারা ইমাম তাঁর 'একাত্তরের দিনগুলি' গ্রন্থে লিখেছেন, 'হরতালের দিনে ফাঁকা রাস্তার মাঝখান দিয়ে... হাঁটতে হাঁটতে নিউমার্কেটের দিকে চলে গেলাম। কী আশ্চর্য! আজকে কাঁচাবাজারও বসেনি। চিরকাল দেখে আসছি হরতাল হলেও কাঁচাবাজারটা অন্তত বসে। আজ তা-ও বসেনি। শেখ মুজিবসহ সবগুলো ছাত্র, শ্রমিক ও রাজনৈতিক দলের পক্ষ থেকে যে সর্বত্র যানবাহন, হাটবাজার, অফিস-আদালত ও কলকারখানায় পূর্ণ হরতাল পালনের ডাক দেওয়া হয়েছে, সবাই সেটা মনে-প্রাণে মেনে নিয়েই আজ হরতাল করছে।'

বেলা ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় ছাত্রলীগ ও ডাকসুর আহ্বানে ডাকা ছাত্র সমাবেশ হয়। ছাত্রলীগের সভাপতি নূরে আলম সিদ্দিকীর সভাপতিত্বে সে সভায় বক্তব্য দেন ডাকসুর ভিপি আ স ম আবদুর রব, জিএস আবদুল কুদ্দুস মাখন, ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহজাহান সিরাজসহ অন্য ছাত্রনেতারা। আ স ম রব বক্তব্য রাখার সময় একটি অভূতপূর্ব ঘটনা ঘটে। তখন ছাত্রলীগের নেতা শেখ জাহিদ হোসেন একটি বাঁশের মাথায় পতাকা বেঁধে মঞ্চে আসেন। পতাকাটি ছিল বাংলাদেশের মানচিত্রখচিত লাল, সবুজ, সোনালি এই তিন রঙের। মুক্তিযুদ্ধের ৯ মাস এটিই বাংলাদেশের জাতীয় পতাকারূপে ব্যবহৃত হয়।

এ বিষয়ে কিছু কথা না বললেই নয়। মূলত ১৯৬২ সাল থেকে একদিকে শেখ মুজিবুর রহমান স্বাধীনতার লক্ষ্যে আওয়ামী লীগকে পুনর্গঠনের কাজ করছিলেন, অন্যদিকে সিরাজুল আলম খান ছাত্রলীগের মধ্যে একই লক্ষ্যে 'নিউক্লিয়াস' গঠন করে একপ্রকার গোপন তৎপরতা চালাচ্ছিলেন। সিরাজুল আলম খানের সঙ্গে শেখ মুজিবের যোগাযোগ তখন থেকেই ক্রমশ নিবিড় হলেও প্রথম পক্ষের সব কাজ দ্বিতীয় পক্ষের জ্ঞাতসারে হতো, এমন প্রমাণ বিরল। বাংলাদেশের পতাকা বানানোর কাজটিও ছিল নিউক্লিয়াসের একক সিদ্ধান্ত। এটিও বলা দরকার, স্বাধীন বাংলাদেশ গঠনের চিন্তা আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃত্বের বড় অংশের মধ্যে অনুপস্থিত ছিল। ফলে দলকে স্বাধীনতার ধারায় রাখার জন্য নিউক্লিয়াসের কর্মকাণ্ড জরুরি ছিল।

এ বিষয়ে একসময়কার আওয়ামী লীগ নেতা, লেখক ও সুদক্ষ কূটনীতিক কামরুদ্দীন আহমদ তাঁর 'স্বাধীন বাংলার অভ্যুদয় এবং অতঃপর' বইয়ে লিখেছেন, 'গান্ধীর কর্মপদ্ধতি অনুসরণ করে শেখ মুজিব নেতৃত্ব দিচ্ছিলেন অসহযোগ আন্দোলনের। অন্যদিকে ছাত্র ও যুব সম্প্রদায় নেতাজির (সুভাষ বসু) আদর্শে অনুপ্রাণিত হয়ে প্রস্তুত হলো সশস্ত্র সংগ্রামের জন্য। সিরাজুল আলম খানের নেতৃত্ব চাচ্ছিল একই পদ্ধতিতে স্বাধীন বাংলাদেশ সরকার গঠন করে পশ্চিমা (পাকিস্তানি) শক্তির সঙ্গে যুদ্ধ করতে এবং স্বাধীনতা অর্জন করতে। এ ধরনের সিদ্ধান্তের ফলই ছিল স্বাধীনতার পতাকা উত্তোলন।' (পৃ. ১৩৩)

তিনি আরও লিখেছেন, 'স্বাধীনতা সংগ্রামের এ দুটো ধারার খবর সংগ্রহের জন্য বিদেশি সাংবাদিকদের একবার জহুরুল হক হলে, আরেকবার শেখ সাহেবের বাড়িতে ছোটাছুটি করতে হতো। স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম ওড়ানো হলো সার্জেন্ট জহুরুল হক হলে। অন্যদিকে তখন আরেক মহড়া। মিছিলে মিছিলে জনতা ছুটে আসতে থাকল শেখ সাহেবের বাসভবনে।' (পৃ. ১৩৩)

২ মার্চ সচিবালয়েও পাকিস্তানের পতাকা নামিয়ে বাংলাদেশের পতাকা ওড়ানো হয়েছিল। বিকেলে বায়তুল মোকাররম ও পল্টনেও অনুষ্ঠিত হয় জনসভা। সন্ধ্যার পর হঠাৎ ঢাকা শহরে কারফিউ জারির ঘোষণা আসে। সামরিক জান্তা সেদিন কারফিউ জারি করেছিল রাত ৯টা থেকে পরদিন সকাল ৭টা পর্যন্ত। জনতার বিক্ষোভ দেখে তা অনির্দিষ্টকালের জন্য প্রতিদিন সন্ধ্যা ৭টা থেকে সকাল ৭টা পর্যন্ত দেওয়া হয়। কিন্তু ওই ঘোষণা শুনে বিভিন্ন এলাকায় জনতা স্বতঃস্ফূর্তভাবে রাস্তায় নেমে এসে ব্যারিকেড দেয়। রাত পৌনে ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের হলগুলোর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হলেও ছাত্ররা দমে যাননি। সারারাত বিক্ষোভ চলতে থাকে পাড়া-মহল্লায়। বিভিন্ন স্থানে টহলদার সামরিক বাহিনী মিছিলে গুলিবর্ষণ করে।

এদিন আট ব্যক্তি প্রাণ হারান। আহত হন কয়েকশ মানুষ। রাতে বঙ্গবন্ধু এক বিবৃতিতে নিরস্ত্র জনতার ওপর গুলিবর্ষণের কঠোর নিন্দা করে ৬ মার্চ পর্যন্ত প্রতিদিন সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত সমগ্র প্রদেশে হরতালের আহ্বান জানান। ৩ মার্চ জাতীয় শোক দিবস পালনের ডাক দেন। একই সঙ্গে ৭ মার্চ জনসভার কর্মসূচিও বহাল রাখেন।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

BANGLADESH SOCIETY, INC. 19 75 বাংলাদেশ সোসাইটি, ইনক

# পবিত্র কোরআনে তেলাওয়াত প্রতিযোগিতা | দোয়া ও ইফতার মাহফিল

## ০৯ মার্চ, ২০২৫, রোববার

**JOYA HALL**
63-108 Woodhaven Blvd, Rego Park, NY 11374

**5PM**



**ব্রঙ্কস বরো**
**১৪ মার্চ, মঙ্গলবার**
**Golden Palace**
1451 Unionport Rd,Bronx, NY 10462

**ব্রুকলিন বরো**
**২০ মার্চ, বৃহস্পতিবার**
**Radhuni Restaurant**
483 McDonald Ave, Brooklyn, NY 11218

আসসালামু আলাইকুম
সম্মানিত সুধী পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রতি বছরের ন্যায় এবারও বাংলাদেশ সোসাইটির আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের জন্য ৯ম পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল, ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

ইফতার ও দোয়া মাহফিলে আপনারা সপরিবারে আমন্ত্রিত।

### উপ-কমিটি

**মোঃ কামরুজ্জামান কামরুল**
*আহ্বায়ক*
৭১৮-৯৭১-৪৭৬৯

**মোঃ সিদ্দিক পাটওয়ারী**
*প্রধান সমন্বয়কারী*
৭১৮-২১৯-৭৯৭৭

**জামিল আনসারী**
*সদস্য সচিব*
৩৪৭-৮৩৩-১০২৮

**মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)**
*যুগ্ম-আহ্বায়ক*
৩৪৭-৮৯৬-২৮০২

**মুনসুর আহমেদ**
*সমন্বয়কারী*
৯২৯-৯২০-৬০৫৬

**আশ্রাব আলী খাঁন লিটন**
*যুগ্ম-সদস্য সচিব*
৯১৭-৪৯৭-২৮৩৯

### আমন্ত্রণে

**আতাউর রহমান সেলিম**
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

**মোহাম্মদ আলী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

### কার্যকরী পরিষদ

**মো: মহিউদ্দীন দেওয়ান** *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, **মো: কামরুজ্জামান কামরুল** *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, **আবুল কালাম ভূইয়া** *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, **মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)** *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৬-২৮০২, **ডিউক খান** *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮৩-৫৪৯৯, **অনিক রাজ** *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯৩৪-৪৪৪-১৮৬৩, **রিজু মোহাম্মদ** *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬৩৭, **জামিল আনসারী** *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, **মো: আখতার বাবুল** *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, **আশ্রাব আলী খাঁন লিটন** *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, **মোহাম্মদ হাসান (জিলানী)** *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, ***কার্যকরী সদস্য:*** **হারুন উর রশিদ** ৯১৭-৪৪৩-৭৮৩৮, **জোহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী** ৭১৮-৭৩৭-২৭৪৮, **মোঃ সিদ্দিক পাটওয়ারী** ৭১৮-২১৯-৭৯৭৭, **আবুল কাশেম চৌধুরী** ৬৪৬-৫১০-৬২৪৫, **মুনসুর আহমেদ** ৯২৯-৯২০-৬০৫৬ ও **হাছান খান** ৩১৩-৩২৭-৯৪১৮

**BANGLADESH SOCIETY, INC**

**বাংলাদেশ সোসাইটি, ইনক**

# নিউইয়র্কে ১৩ এপ্রিল 'বাংলাদেশ ডে প্যারেড'

*শেষ পাতার পর*

ট্রাষ্টি বোর্ড চেয়ারম্যান ও সাবেক সভাপতি এম আজীজ, সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, ব্রঙ্কসের কমিউনিটি বোর্ড চেয়ার এডভোকেট এন মজুমদার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট কাজী আজম, বিশিষ্ট ব্যবসায়ী আবুল ফজল দিদারুল ইসলাম, বাংলাদেশী পুলিশ এসোসিয়েশন (বাপা)-এর সবঅপতি এরশাদুল সিদ্দিক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র (একাংশ) সভাপতি আতাউল আলম ও সাধারণ সম্পাদক আশরাফ আহমেদম রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজীম প্রমুখ। সংবাদ সম্মেলন পরিচালনা করেন ফাহাদ সোলায়মান ও সোসাইটির সাবেক কর্মকর্তা জে মোল্লা সানি।




সংবাদ সম্মেলনে জানানো হয় যে, প্যারেড কমিটির চেয়ারম্যান হচ্ছেন সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, আহ্বায়ক সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী এবং সদস্য সচিব ফাহাদ সোলায়মান। সোসাইটির আয়োজনে প্রবাসের অর্ধ শতাধিক সংগঠন প্যারেডে অংশ নেবে। সংগঠনগুলোর সাথে মতবিনিময় হয়েছে। সবার মতামতের ভিত্তিতে প্যারেডে গ্র্যান্ড মার্শাল থাকবেন বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ গ্রুপের কর্ণধার লায়ন শাহ নেওয়াজ আর প্রধান উপদেষ্টা থাকবেন বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক গিয়াস আহমেদ।

সংবাদ সম্মেলনে আতাউর রহমান সেলিম বলেন, বাংলাদেশ সোসাইটি যুক্তরাষ্ট্র প্রবাসী সকল বাংলাদেশীর প্রাণের সংগঠন, মর্যাদার সংগঠন। প্রবাসী বাংলাদেশী সহ প্রিয় মাতৃভূমি বাংলাদেশের মান-মর্যাদা রক্ষা করা সোসাইটির দায়িত্ব। তাই আমরা সবাইকে নিয়ে ব্যাপক আয়োজনে বাংলদেশ ডে প্যারেড করতে চাই, কমিউনিটিকে সুসংহত করতে চাই এবং সবার সহযোগিতা চাই। তিনি বিশ্বের বুকে বাংলাদেশকে তুলে ধরার জন্য সবার প্রতি আহ্বান জানান।

মোহাম্মদ আলী বলেন, প্রবাসে বাংলাদেশী কমিউনিটিকে বৃহৎ আকারে তুলে ধরার পাশপাশি দেশীয় শিল্প সংস্কৃতিকে মূলধারার সামনে তুলে ধরাই সোসাইটির প্যারেড আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্য। প্যারেড সফল কতে তিনি সকল সংগঠন ও প্রবাসীর সার্বিক সহযোগিতা কামনা করেন।

ফাহাদ সোলায়মান বলেন, প্যারেডের জন্য ইতিমধ্যেই সিটি প্রশাসনের অনুমতি নেয়া হয়েছে। প্যারেডে অংশ নেয়ার জন্য এ পর্যন্ত ১০টি প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করেছে। সকাল ৮টা থেকে ২টা পর্যন্ত প্যারেডের কর্মসূচী চলবে। মূল প্যারেড শুরু হবে বেলা ১১টায়।

সংবাদ সম্মেলনে উপস্থিত কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও নেতৃবৃন্দর তাদের মতামত তুলে ধরে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

উল্লেখ্য, সংবাদ সম্মেলনে উপস্থিত সোসাইটির ট্রাষ্টি বোর্ড চেয়ারম্যান এম আজীজ শেষ পর্যায়ে ফ্লোর নিয়ে অভিযোগ তুলে বলেন, সোসাাইটির আজকের অবস্থানে অনেক প্রবাসীর অবদান রয়েছে। সোসাইটির ট্রাষ্টি বোর্ড রয়েছে। এই বোর্ডের সাথে আলোচনা না করেই প্যারেড অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে এবং কিভাবে প্যারেডের গ্র্যান্ড মার্শাল ও প্রধান উপদেষ্টা মনোনীত হয়েছে তা জানতে চান। তিনি বলেন, সোসাইটি ভবন আমি রক্ষা করেছি। সোসাইটির অনেক অভিভাবক রয়েছে। প্রশ্ন তুলেন তারা কোথায়।

এম আজীজের প্রতিত্তুরে সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, এম আজীজের প্রশ্ন সংবাদ সম্মেলনের প্রশ্ন নয়, এটা সোসাইটির অফিসে আলোচনার বিষয় উল্লেখ করে বলেন, আমরা সবার সহযোগিতা চাই, সবাইকে আমরা সম্মান-মর্যাদা দিতে চাই। এসময় এম আজীজের সাথে সেলিমের একটু বাগ্ বিতন্ডাও হয়।





ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্টিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St, City Line)
718-235-6438



AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**ফেব্রুয়ারি ২০২৫ ভিসা বুলেটিন:**

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৫'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

**ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:**

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: নভেম্বর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, জুলাই ০১, ২০১০।

চতুর্থ: (এফ খ) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক এবং চাকুরী ভিত্তিক ভিসার প্রাপ্ততা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

**কুইন্স থেকে ম. চৌধুরীর প্রশ্ন:**

আমি মাঝে মধ্যে 'ইমিগ্রেশন ও আপনি' এর এই বিভাগটি পড়ি। আজ আমি একটি বিষয় সম্পর্কে আপনার কাছ থেকে জানতে চিঠিটি লিখছি। আমার আজকে জানার বিষয় হচ্ছে ইউএসএতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কি কি তথ্যপত্র প্রয়োজন। আমি এই বিভাগের মাধ্যমে আপনার কাছ থেকে জানতে চাচ্ছি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য প্রয়োজনীয় তথ্য সম্পর্কে।

এ বিষয়ে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

**ম. চৌধুরীর প্রশ্নের উত্তর:**

আপনার জানার বিষয় হচ্ছে ইউএসএ'তে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কি কি তথ্যপত্র প্রয়োজন।

যদি কেউ ইউএসএ'তে অবস্থান করে এবং তার পারিবারিক বা চাকুরিভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্ট করে গ্রিনকার্ড পেতে পারেন।



স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যা যা প্রয়োজন:

পারিবারিক ভিত্তিক কেস:

অবিবাহিত আত্মীয়- ইউএসএ'তে সিটিজেনদের স্পাউস (স্বামী-স্ত্রী) পিতামাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে ও ইউএসএ সিটিজেনদের অবিবাহিত আত্মীয় যারা ইউএসএ বৈধভাবে প্রবেশ করেছেন তার স্ট্যাটাস এ্যাডজাস্টম্যান্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশান ফাইল করতে পারেন।

ইউএসএর সিটিজেনদের ২১ বছর বয়সের উর্ধ্বে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর ভাইবোন:

উপরে উল্লেখিত ব্যক্তিদের পারিবারিক ভিত্তিতে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি ১) বৈধ ভিসায় ইউএসএতে প্রবেশ করে থাকেন। এবং ২) বর্তমানে স্ট্যাটাস বৈধ থাকে, ৩) অনুমোদিত আই-১৩০ থাকে সেই সাথে ৪) যদি আপনার ক্যাটাগরিতে ভিসা যথেষ্ট থাকে।

গ্রিনকার্ডধারী: একজন গ্রিনকার্ডধারী যিনি তার আত্মীয়দের জন্যে আবেদন করতে পারবেন:

১)স্পাউস (স্বামী-স্ত্রী)/স্ত্রী)

২) অবিবাহিত সন্তানদের জন্য আবেদন করতে পারবেন যদি তাদের বৈধ প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়।

উপরন্তু অনুমোদিত আই-১৩০ পিটিশান অনুমোদিত হয় এবং আবেদনকৃত ক্যাটাগরিতে ভিসা থাকে।

কর্মভিত্তিক কেস: সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে ইউএসএ'তে আপনার স্ট্যাটাস এডজাস্টমেন্ট করতে পারবেন। কেবল সেইক্ষেত্রে যদি আপনার এদেশে প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। এছাড়াও আপনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৪০ পিটিশান থাকে। এছাড়াও ঐ ক্যাটাগরিতে আপনার ভিসা থাকতে হবে।

**২৪৫-আই:**

আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন-২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকেন। একজন সেকশন-২৪৫-আই'র সুবিধাভোগী হয়ে থাকেন সেক্ষেত্রে আপনার বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে বৈধ স্ট্যাটাস ছাড়াও ইউএসএ বসবাস করলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

ফোনঃ ৯১৭- ৬৩৪-৪৮৬৫.

**এপার্টমেন্ট ভাড়াঃ**
উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪, ৭১৮-২০৫-৯৬৩৬.

**বাসা ভাড়াঃ**
জ্যামাইকা ইয়র্ক কলেজের পাশে ই ট্রেন সংলগ্ন ২ বেডরুম ২ বাথ রুমসহ বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ
৭১৮-৩৫০-৬৫৬৭, ৯২৯-৬০৬-৫১৩৪.


সফলতার ২৮ বছর
banglapatrikausa@gmail.com
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012


**বাসা ভাড়া:**
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693. যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)। যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

**বাসা ভাড়াঃ**
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

**বাসা ভাড়াঃ**
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য। যোগাযোগঃ 929-261- 9941.

**বাসা ভাড়াঃ**
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

**বেসমেন্ট ভাড়াঃ**
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ। যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

**বেসমেন্ট ভাড়াঃ**
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

**সেমিবেসমেন্ট ভাড়াঃ**
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

**House for rent:** (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

**House For Rent:** October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

**House for rent :**
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

**Apartment for rent:**
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

**Apartment for rent:**
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

## Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

**টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩**

**ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.**
**ড্রাইভারঃ** TLC বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ **৬৪৬-৭০৪-৫৭৪৯.**

# মাহে রমাদান ঃ অর্জন ও বর্জনের অনুশীলন

জাফর আহমাদ

আবু হুরায়রা রা: হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি ঈমান ও এহতেসাবের সহিত রোযা রাখবে তার অতীতের গুনাহ মাফ করে দেয়া হবে।" (বুখারী: ১৯০১, কিতাবুস সাওম, বাবু মান সামা রামাদানা ঈমানান ও ইহ্তিসাব....)

হাদীসে বিবৃত ঈমান ও এহতেসাব তাক্ওয়ার অপরিহার্য উপাদান। এ দু'টি ছাড়া তাক্ওয়ার কোন অস্তিত্বই থাকে না। প্রথম উপাদানটি হলো: এমন এক বিশ্বাস, যে বিশ্বাস সর্বদা পরাক্রমশালী এক সত্ত্বার ভীতি প্রদর্শন করতে থাকে। যে সত্ত্বা নিখিল বিশ্বের স্রষ্টা ও মহাপরিচালক, যিনি সর্বময় ক্ষমতা ও সার্বভৌম শক্তির অধিকারী, যিনি বিশ্বজাহান পরিচালনা করছেন এক মহাপরিকল্পনা মোতাবেক, যিনি গোটা দুনিয়ার প্রতিটি অণু-পরমাণুর পূর্ণ খোঁজ-খবর রাখেন, মানুষের দৈনন্দিন কল্যাণ-অকল্যাণ, ভালো-মন্দ যার নিয়ন্ত্রণাধীন, প্রকৃতি রাজ্যের যিনি মালিক ও নিয়ন্ত্রণকারী।

দ্বিতীয় উপাদানটি হলো: সর্বদা নিজের চিন্তা-কল্পনা ও কাজ-কর্মের প্রতি সতর্ক দৃষ্টি রাখা।

ঈমানের সহিত রোযা রাখা: মহান আল্লাহ রাব্বুল আলামীনের প্রতি একজন মু'মিন যেই ঈমান বা বিশ্বাস পোষণ করে থাকেন, সেই ঈমানকে সামনে রেখে রোযা পালণ করা হলে অতীতের গুনাহ মাফ করে দেয়ার ঘোষণা দেয়া হয়েছে। একজন মু'মিন আল্লাহ সম্পর্কে যে আকীদা পোষণ করেন তা হলো: "আমি ঈমান আনলাম আল্লাহর প্রতি, যেমন তিনি আছেন তাঁর যাবতীয় নাম ও গুণাবলীসহ এবং কবুল করে নিলাম তাঁর যাবতীয় হুকুম-আহকাম ও সকল নিয়ম-কানুন।" আল্লাহর প্রতি ঈমানের মুলকথা হলো: "তিনি ছাড়া কোন ইলাহ্ নাই, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসুল।" এখানেই আল্লাহর সার্বভৌমত্বের মুল স্বীকৃতি প্রদান করা হয়। তথাপি উল্লেখিত প্রথম কালিমায় মু'মিন আল্লাহর সকল সিফাতি নাম সমুহের প্রতি বিশ্বাস স্থাপন করে তাঁর যাবতীয় হুকুম-আহকাম ও নিয়ম-কানুন মেনে চলার অংগীকার করে। যে ঈমানের কথা আল্লাহ তা'আলা আল-কুরআনে এভাবে বর্ণনা করেছেন যে, "তার রবের পক্ষ থেকে যা অবতীর্ণ হয়েছে রাসুল তাঁর প্রতি ঈমান এনেছে এবং অনুরূপভাবে মুমিনগণও। তাঁরা সকলেই আল্লাহ, তাঁর ফিরিশ্তা, কিতাবসমুহ ও রাসুলগণের প্রতি ঈমান রাখে। (তারা বলে) আমরা রাসুলদের মধ্যে কোনরূপ পার্থক্য করি না। আমরা শুনলাম এবং মেনে নিলাম। (অতএব) হে আমাদের রব! তোমার মার্জনা কামনা করি (কারণ) তোমার কাছেই প্রত্যাবর্তন করতে হবে।" (সুরা বাকারা ঃ ২৮৫)

মু'মিন রোযাদার আল্লাহর অন্যান্য সিফাতি নাম সমুহের ন্যায় 'ওয়াল্লাহু বাছিরুম বিল ইবাদ' ও "সামিউম বাছির' অর্থাৎ 'আল্লাহ শুনেন দেখেন' এর প্রতি বিশ্বাসের ফলশ্রুতিতে সারা দিনের ক্ষুধা-পিপাসার দু:সহ জ্বালা নিবারণের সুযোগ থাকা সত্ত্বেও আল্লাহ 'দেখেন' এ নামের ভয়ে সে সুযোগ গ্রহণ করেন না। অবিরত ও ক্রমাগত একটি মাস-এ ট্রেনিংয়ের ফলে আল্লাহর অন্যান্য সিফাতি নাম সমুহের কার্যকারিতা এমনভাবে হৃদয়ের গভীরে অঙ্কিত হয় যে, বাকি ১১টি মাস সকল প্রকার গুনাহ থেকে বিরত থাকতে পারে। এমনিভাবে একজন মু'মিন আল্লাহর প্রতি ঈমান পোষণ করে যে তিনি 'মালিক', তিনি 'রব', তিনি ইলাহ্, আসমান ও জমিনে যা কিছু আছে সকল কিছুরই একচ্ছত্র মালিকানা তাঁর। তিনি সার্বভৌম ক্ষমতার অধিকারী। আসমান ও জমিনে তাঁরই রাজত্ব বিস্তৃত। আমাদের মুসলিম দেশসমুহের শাসকগণ যদি এ ধরণের ঈমান পোষণ করে থাকেন, তবে আমার প্রশ্ন পৃথিবীর অধিকাংশ অমূল্য সম্পদের অধিকারী হওয়া সত্ত্বেও কেন পশ্চিমা মোড়লদের চক্ষু রাঙানোকে ভয় করেন? কেন ক্ষমতা হারানোর ভয়ে সর্বদা তটস্থ থাকেন? অথচ আল্লাহ তা'আলা বলেছেন: "(হে রাসুল) বলো ঃ হে আল্লাহ! বিশ্ব-জাহানের মালিক! তুমি যাকে চাও রাষ্ট্রক্ষমতা দান করো এবং যার থেকে চাও রাষ্ট্রক্ষমতা ছিনিয়ে নাও। যাকে চাও মর্যাদা দান করো, যাকে চাও লাঞ্ছিত করো। কল্যাণ তোমার হাতেই নিহিত। নিঃসন্দেহে তুমি সবকিছুর উপর শক্তিশালী।" (সুরা আল ইমরান ঃ ২৬) তাহলে প্রথমেই আমরা এর উত্তরে বলতে পারি আপনাদের ঈমানে বহুত গাফিলতি আছে। দ্বিতীয়ত: রোযা পালনসহ অন্যান্য ইবাদাতগুলো আপনাদের কোন উপকারে আসছে না। কারণ আল্লাহর ক্ষমতার চেয়ে পশ্চিমা মোড়লদের ক্ষমতাকেই অধিকতর শক্তিশালী মনে করছেন। অথচ আল্লাহ রাব্বুল আলামীন "নি:সন্দেহে তুমি সবকিছুর উপর শক্তিশালী।" (সুরা আল ইমরান ঃ ২৬) এটি মুখে স্বীকার করা হয় কিন্তু অন্তরে বিশ্বাস করা হয় না।

আর আমরা যারা সাধারণের কাতারে আছি তাদের অবস্থা তো আরোও নাজুক। জীবনে কতবারই না রমাদানের সাক্ষাত মিলেছে কিন্তু পূর্বে যেখানে ছিলাম সেখানেই তো রয়ে গেলাম। জীবনের কিঞ্চিত পরিবর্তন এসেছে বলে মনে করি না। একজন রোযাদার কিয়ামুল লাইল তথা তারাবীর নামাযের মাধ্যমে এমন কতগুলো বাস্তব সত্যের স্বীকৃতি প্রদান করে থাকেন, কিন্তু ঘোষণাগুলো আমাদের বাস্তব জীবনে প্রতিফলিত হয় না। বাস্তবতা এ দু'আর সম্পূর্ণ বিপরীত। যিনি মুখে এ ধরণের কথা ঘোষণা দেন অথচ জীবনের বিশাল অংশকে মানুষের তৈরী আদর্শের হাতে সোপর্দ করেছে। তিনি আর যাই হন, মুসলিম নন বরং একজন খাঁটি মোনাফিক। প্রতি নামাযেই অসংখ্যবার বলা হচ্ছে: "আমরা তোমারই গোলামী করি আর তোমারই সাহায্য চাই"। অথচ নামাযের বাইরে তার বিপরীত কাজ করা হচ্ছে। এ মিথ্যাচার ছাড়া আর কি হতে পারে ? আর এ মিথ্যাচার চলছে সিয়ামের মাসের কিয়ামুল লাইলেও। রোযা অবস্থায় খাদ্য গ্রহণ করলে আল্লাহ দেখবেন এ ঈমান থাকার দরুণ রোযা ভঙ্গ করেন না, কিন্তু খাদ্যে যখন ভেজাল মেশানো হয় তখন কি আল্লাহ দেখেন না? এমনিভাবে নিম্নমানের খাদ্য পরিবেশন করা, বিক্রিতব্য মালের দোষ-ত্রুটি গোপণ করা, মজুদদারীর মাধ্যমে কৃত্রিম সংকট সৃষ্টি করে ফায়দা লুটা, মাপে বা ওজনে কমবেশী করাও হারাম বা অবৈধ দ্রব্যাদির ব্যবসা করার সময় কি আল্লাহ দেখেন না ? সুদ, ঘুষ ও দূর্নীতির বিষয়ে আল্লাহ কি বে-খবর ? আর একটি দু:খজনক ব্যাপার হলো: রমাদানের আগমন বার্তা পেলেই আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেখানে এর রহমত, বরকত ও মাগফিরাতের পূর্ণ ফায়দা গ্রহণের জন্য শারীরিক ও মানসিক প্রস্তুতি গ্রহণ করতেন। আর মুসলমান নামধারী কিছু কিছু মুনাফাখোর ব্যবসায়ী রমযানে অধিক মুনাফা লাভের জন্য মজুদদারীর প্রতিযোগাতায় অবতীর্ণ হয়। এদেরকে শয়তান তার স্পর্শ দ্বারা এমন পাগলপারা করে দেয় যে, তখন তার চোখেমুখে শুধু মুনাফা আর মুনাফাই দেখে। অথচ এজন্য কতলোক দূরাবস্থার স্বীকার হয় এসব বিষয়ে তার কোন মাথা ব্যথাই থাকে না। তাহলে বুঝতে হবে তাদের ঈমান নেই। ঈমানহীন রোযাদারের রোযার কোন ফায়েদাই নাই।

এহতেসাবের সহিত রোযা রাখা: হিসাব করে করে রোযা পালন করার অর্থ এই নহে যে, কয়টি রোযা এলো এবং কয়টি গেলো। বরং এর অর্থ হলো: রমাদানের প্রতিটি দিন, প্রতিটি মুহূর্ত নিজের প্রতিটি কথা ও কাজের প্রতি সতর্ক দৃষ্টি ২৬-এর পৃষ্ঠায় দেখুন





Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ








সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD AIRWAYS KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

*IRS e file*

## PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com

## জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**




# KAKATUA AGENCY
# কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

**OUR SERVICES ARE:**
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

# মেঘনা ট্রাভেলস
## ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

**OUR SERVICES**
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates




## ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**Dr. Tahera Nasreen, MD**

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



**Dr. Ataul Osmani, MD**

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
**TLC/Motor Vehicle Exam,**
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960



**MAMUN'S TUTORIAL**

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



**Our Programs:**
**Summer Program will start from July 5th**

| | | |
|---|---|---|
| **SAT** | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get **25%** Discount sign up by 4th July |
| **SHSAT** | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| **COMMON CORE MATH & ENGLISH** | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

**Admission going on**
K-6 & Common Core Regents Classes

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School



**Highland Medical Care, PLLC**



**Nazmul H. Khan, MD, FACP**
Board Certified in Internal Medicine

**Address**
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992



এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

**MOHAMMAD M RAHMAN MD**



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ ঃ
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645



Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218



NIGAR
SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD




# মাহে রমাদান ঃ অর্জন ও বর্জনের অনুশীলন

*২৩-এর পৃষ্ঠায় পর* রাখা। দিন শেষে নিজের ভাল কাজ এবং খারাপ কাজগুলোর হিসেব খতিয়ান করা। ভাল কাজের জন্য আল্লাহর শুকরিয়া আদায় এবং ভবিষ্যতে যেন আরো ভালো কাজ করতে পারা যায় এজন্য আল্লাহর সাহায্য কামনা করা। আর মন্দ কাজ গুলোর জন্য আল্লাহর কাছে মাফ চাওয়া এবং ভবিষ্যতে না করার অঙ্গীকার বা তওবা করা। আর একটু সংক্ষেপে বলা যায় রোযাদার প্রতিদিনকার প্রতিটি কথা ও কাজের প্রতি এমন ধরণের তীক্ষ্ণ ও সতর্ক দৃষ্টি রাখবেন যে, কাজগুলো আল্লাহর মর্জি মোতাবেক হচ্ছে, না কি শয়তানের মর্জি মোতাবেক। আরো সংক্ষেপে বলা যায় এভাবে যে রোযাদার রমাদানের রোযাগুলো আত্ম-সমালোচনা, আত্ম-জিজ্ঞাসার মাধ্যমে অতিবাহিত করবে। আল্লাহ তা'আলা বলেন: "হে ঈমানদারগণ, আল্লাহকে ভয় কর এবং প্রত্যেক ব্যক্তি আগামীকালের জন্য কি ব্যবস্থা করেছে সেদিকে খেয়াল রাখে। ভয় কর আল্লাহকে, নিশ্চয় আল্লাহ তোমরা কি করছ সে সম্পর্কে ওয়াকেবহাল।" (সুরা হাশর ঃ ১৯) এখানে দুইবার আল্লাহর ভয়ের কথা বলা হয়েছে। এবং নিজের কাজের হিসাব গ্রহণের কথা বলা হয়েছে।

আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি নিজের নফসকে নিয়ন্ত্রণ করে এবং মৃত্যু পরবর্তী জীবনের জন্য কাজ করে, সেই প্রকৃত বুদ্ধিমান। আর যে ব্যক্তি নিজেকে কুপ্রবৃত্তির গোলাম বানায় অথচ আল্লাহর নিকট প্রত্যাশা করে, সেই অক্ষম।" (তিরমিযি)

এখানে মনে রাখা প্রয়োজন, বিশ্ব-জাহান ও আখিরাতের সকল কর্ম সম্পাদনে আল্লাহর বিশেষ সৃষ্টি ও কর্মীবাহিনী রয়েছেন। এঁরা হলো, আল্লাহর ফেরেশতা। এঁদের প্রতি ঈমানের একটি তাৎপর্য হলো এই যে, তারা আল্লাহর নির্দেশে মানুষের দৈনন্দিন কাজের রেকর্ড সংরক্ষণ করেন, যা হাশর বা বিচারের দিন মহান আল্লাহর এজলাসে চার্জসিট আকারে দাখিল করবেন।

আল্লাহ তা'আলা বলেন: "তোমাদের উপর পরিদর্শক নিযুক্ত রয়েছে, এমন সম্মানিত লেখকবৃন্দ, যারা তোমাদের প্রত্যেকটি কাজ জানে।" (সুরা ইনফিতার ঃ ১০-১২) প্রকাশ্যে ও গোপনে, অন্ধকারে, একান্ত নির্জনে, জনমানবহীন গভীর অরণ্যে আমরা কি করছি আল্লাহর বিশেষ ক্ষমতা বলে এ সকল তত্বাবধায়করা নিরপেক্ষভাবে রেকর্ড করে যাচ্ছে। আল্লাহ তা'আলা বলেন: "আপন কর্মের রেকর্ড পড়। আজ তোমার নিজের হিসেব করার জন্য তুমিই যথেষ্ঠ।" (সুরা বণী ইসরাঈল ঃ ১৪) তাই জীবনের প্রতিটি মুহূর্ত ভাল-মন্দের পার্থক্য করে চলার এক বিশেষ ট্রেনিং হলো রমাদান।

রমাদানে দিনের বেলায় এমন দুটি বৈধ জিনিষকে আমাদের জন্য হারাম করা হয়েছে যা মুলত: হালাল এবং দুটি জিনিষ আল্লাহ আল-কুরআনের মাধ্যমে আমাদের জন্য হালাল করে দিয়েছেন। আর এ দুটি জিনিষই ভোগ করে মানুষ এমনভাবে অভ্যস্ত হয়ে পড়েছে যে, এ ছাড়া মানুষ থাকতে পারে না। রমযানে ক্রমাগত ৩০টি দিন হালাল দুটি জিনিষকে বর্জন করতে করতে এমন শক্তি অর্জিত হয়, যার মাধ্যমে জীবন চলার বাঁকে শয়তান কর্তৃক পেঁতে রাখা অতি লোভনীয় বস্তুকেও বর্জন করে ভাল কাজের জন্য অগ্রসর হতে পারে। এটিই তাক্ওয়া বা তাক্ওয়ার শক্তি।

যে তাক্ওয়া ঈমান ও এহতেসাব দ্বারা সমৃদ্ধ। রমযানের মাধ্যমে এ মূল্য সম্পদ অর্জন করা হয়। এজন্য আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "রোযা একটি ঢালের ন্যায়।" (বুখারী:১৯০৪, কিতাবুস সাওম, বাবু হাল ইউকুলু ইন্নি.....) রমাদানে যদি আমরা এ শক্তি অর্জন না করতে পারি, তবে আমাদের সিয়াম শুধু ক্ষুধা এবং কিয়ামুল লাইল শুধু রাত্রি জাগরণ ছাড়া আর কিছুই পাওয়া গেল না।

আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন "কতক রোযাদার এমন রয়েছেন যাদের রোযা শুধু ক্ষুধা ছাড়া কিছুই দেয় না, কতক রাত্রি জাগরণকারী এমন রয়েছেন যাদের রাত্রি জাগরণ শুধু জাগরণ ছাড়া আর কিছুই পায় না। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেছেন, "কেউ যদি মিথ্যা কথা বলে ও তদনুযায়ী কাজ করা পরিত্যাগ না করে তবে তার শুধু খাদ্য ও পানীয় পরিত্যাগ করায় আল্লাহর কোন প্রয়োজন নেই।" (বুখারী: ১৯০৩, কিতাবুস সাওম, বাবু মান এদা কাউলি.....)

# নিউইয়র্কের ৫ বরোতে ইফতার বিতরণ শুরু

*শেষ পাতার পর* ব্রঙ্কসে ইফতার বক্স বিতরণ করা হবে ৭, ১৪, ২১ ২৮ মার্চ শুক্রবার স্বপ্না এনওয়াইসি কার্যালয়ে বেলা ১২টা থেকে। ঠিকানাঃ 2348 Waterbury Avenue, Bronx, NY 10462.

ব্রুকলীনে ইফতার বক্স বিতরণ করা হবে ২, ৯, ১৬ ও ২৩ মার্চ রবিবার মুসলিম আমেরিকান সোসাইটি অব নিউইয়র্ক ব্রুকলীন শাখায়। ঠিকানাঃ 1933 Bath Avenue, Brooklyn, NY 11214, বক্স বিতরণ শুরু হবে বিকেল ৪টায়।

ম্যানহ্যাটানে ইফতার বক্স বিতরণ করা হবে ৫, ১২, ১৯ ও ২৫ মার্চ বুধবার মুসলিম কমিউনিটি নেটওয়ার্কের অফিসে। ঠিকানাঃ 222 E. 97th Street New York, NY 10029। বিতরণ শুরু হবে বিকেল সাড়ে চারটায়।

কুইন্সে ইফতার বক্স বিতরণ করা হবে ২, ৯, ১৬ ও ২৩ মার্চ রবিবার MAS Ibn Sina Center, 46-01, 20th Avenue, Astoria, NY 11105 এবং Masjid Al-Dawah, 35-13, 23rd Avenue, Astoria, NY 11105 ঠিকানায়। এই লোকেশনে ইফতার বক্স বিতরণ শুরু হবে বেলা ১টায়। উল্লেখ্য ইফতার বক্স গ্রহণের জন্য আইডি দেখা হবে না, কিছু জিজ্ঞাসাও করা হবে না।


Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

# কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ,এস,এ, ইন্‌ক
# Kulaura Bangladeshi Association of U.S.A. Inc.
## (কুলাউড়া এসোসিয়েশন)

## নির্বাচনী তফসিল

তারিখঃ ১লা মার্চ, ২০২৫ ইং

১। নির্বাচনের তারিখ ঃ ২৭ এপ্রিল ২০২৫ ইং রবিবার।

২। নির্বাচনের স্থান ও সময় ঃ পরবর্তীতে জানানো হবে।

৩। মনোনয়ন পত্র বিতরণ ঃ ৯ মার্চ ২০২৫, রবিবার, বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।
স্থান ঃ হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্ট, 30-05, 36 এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক।

৪। মনোনয়ন পত্র ও ভোটার তালিকার প্রতি সেট ৭০ (সত্তর) ডলার (অফেরতযোগ্য) নগদ মূল্যে বিক্রয় করা হবে।

৫। মনোনয়ন ফি ঃ সভাপতি ৮০০ (আটশত) ডলার, সহ-সভাপতি ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) ডলার, সাধারণ সম্পাদক ৭০০ (সাতশত) ডলার, সহ-সাধারণ সম্পাদক ৪০০ (চারশত) ডলার, কোষাধ্যক্ষ ৪০০ (চারশত) ডলার, সাংগঠনিক সম্পাদক ৩০০ (তিনশত) ডলার, প্রচার সম্পাদক ৩০০ (তিনশত) ডলার, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক ৩০০ (তিনশত) ডলার, ক্রীড়া ও সমাজ কল্যাণ সম্পাদক ৩০০ (তিনশত) ডলার, মহিলা বিষয়ক সম্পাদিকা ৩০০ (তিনশত) ডলার, কার্যনির্বাহী সদস্য ২০০ (দুইশত) ডলার করে মনোনয়ন ফি (অফেরতযোগ্য) নগদ জমা দিতে হবে।

৬। মনোনয়ন পত্র দাখিলের তারিখ ঃ ২৩ মার্চ ২০২৫ ইং, রবিবার বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত। ঐ তারিখেই মনোনয়ন পত্র বাছাইক্রমে রাত ৮ টার মধ্যে প্রার্থীদের নাম ঘোষণা করা হবে। উল্লেখ্য যে, যদি কোন প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল হয়, তবে প্রার্থীদের তালিকা প্রকাশের ২৪ ঘন্টার মধ্যে পুনঃ বিবেচনার জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
স্থান ঃ হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্ট, 30-05, 36 এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক।

৭। মনোনয়ন পত্র প্রত্যাহারের তারিখ ঃ ২৭ মার্চ ২০২৫ ইং, বৃহস্পতিবার, সময় ঃ বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
স্থান ঃ হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্ট, 30-05, 36 এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক।

৮। নিম্নলিখিত পদ সমূহে নির্বাচন অনুষ্ঠিত হবে ঃ সভাপতি-১, সহ-সভাপতি-১, সাধারণ সম্পাদক-১, সহ সাধারণ সম্পাদক-১, কোষাধ্যক্ষ-১, সাংগঠনিক সম্পাদক-১, প্রচার সম্পাদক-১, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক-১, ক্রীড়া ও সমাজ কল্যাণ সম্পাদক-১, মহিলা বিষয়ক সম্পাদিকা-১, কার্যনির্বাহী সদস্য-৫ জন।

৯। "যথারীতি সদস্য ফি পরিশোধ করিবার পরেও ভোটার তালিকায় নাম না থাকিলে অথবা তালিকাভূক্ত ভোটার এর তথ্যগত কোন ভুলত্রুটি সংশোধনের প্রয়োজন হইলে অথবা কোন ভোটারের নির্দৃষ্ট কোন অভিযোগ/আপত্তি থাকিলে ভোটার তালিকা (প্যাকেজ) বিতরণের পরবর্তী ৭ দিনের মধ্যে নির্বাচন কমিশনের বরাবরে লিখিত আবেদন করিতে হইবে। নির্বাচন কমিশন আবেদন পত্রের ভিত্তি প্রমাণ যাচাই বাছাই করিয়া এসোসিয়শনের গঠনতন্ত্রের বিধি-বিধান অনুযায়ী যথারীতি বিহীত ব্যবস্থা গ্রহণ করিবেন।"

১০। নির্বাচনী আচরণবিধিঃ

(ক) নির্বাচন চলাকালীন সময়ে ব্যালট গ্রহণের সময় প্রত্যেক ভোটারকে ফটোসহ বৈধ পরিচয়পত্র যেমন পাসপোর্ট/গ্রীণকার্ড/স্টেট আইডি/ড্রাইভিং লাইসেন্স প্রদর্শন করতে হবে।

(খ) প্রার্থীকে বৈধ ভোটার ও ন্যুনতম ১৮ বছর বয়স্ক হতে হবে।

(গ) সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ পদ প্রার্থীকে মনোনয়ন পত্র দাখিলের সময় নিজ নিজ সোসাল সিকিউরিটি কার্ড প্রদর্শন করতে হবে।

(ঘ) প্রত্যেক প্রার্থী নির্বাচন চলাকালীন সময়ে একজন এজেন্ট মনোনীত করতে পারবেন।

(ঙ) ভোট গননার সময় শুধু প্রার্থী কিংবা তার মনোনীত এজেন্ট নির্বাচন কেন্দ্রে উপস্থিত থাকতে পারবেন।

(চ) ভোট পদ্ধতিতে ব্যবহারের জন্য প্রত্যেক প্রার্থীকে এক কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ফটো মনোনয়ন পত্র দাখিলের সময় কমিশন বরাবরে জমা দিতে হবে।

(ছ) নির্বাচন কমিশনের স্বাক্ষর ও সীলযুক্ত মনোনয়ন পত্রই বৈধ হিসেবে গন্য হবে।

(জ) একাধিক পদের প্রার্থীরা মনোনয়ন পত্র প্রত্যাহার (২৭ মার্চ ২০২৫, বৃহস্পতিবার) করার সময় সীমা অতিক্রম করলে দাখিল সমূহ মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঝ) নির্বাচনে ভোট প্রদানকালীন সময়ে কোন ভোটারকে চ্যালেঞ্জ করতে হলে, চ্যালেঞ্জকারীকে অফেরতযোগ্য নগদ ২৫ (পঁচিশ) ডলার জমা দিতে হবে।

**সিরাজউদ্দিন আহমদ (সোহাগ)**
প্রধান নির্বাচন কমিশনার
(৬৪৬) ৩৫০-৯৮৭০

| | | | |
|---|---|---|---|
| **মোহাম্মদ তজম্মুল আলী** | **সাহেদ দেলওয়ার চৌধুরী** | **মোহাম্মদ মুকিত চৌধুরী** | **মো: আব্দুল মুক্তাদির চৌধূরী** |
| নির্বাচন কমিশনার | নির্বাচন কমিশনার | নির্বাচন কমিশনার | নির্বাচন কমিশনার |
| (৩৪৭) ৮২২-২২৮৬ | (৩৪৭) ২৬৫-৮২৬৪ | (৭১৮) ৪১৩-৯৫১৩ | (৯১৪) ৪৬৮-৩৭১২ |




# ওজনপার্কে যাত্রা শুরু 'ইশিকা সাইন সাপ্লাই'

*শেষ পাতার পর* এবং কেক ও ফিতা কেটে অনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠানটির উদ্বোধন করেন।

'ইশিকা সাইন সাপ্লাই'র উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ইষিকার সাপ্লাই অ্যান্ড প্রিন্টিং-এর প্রেসিডেন্ট ও সিইও এবং সাপ্তাহিক আজকাল সম্পাদক ও প্রকাশক শাহনেওয়াজ ছাড়াও কমিউনিটির উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভির সিইও আবু তাহের, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাইদ, বিশিষ্ট ব্যবসায়ী একেএম ফজলুল হক ও ফিরোজ আহমেদ, শাহ গ্রুপের প্রেসিডেন্ট শাহ জে. চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশনের সহ-সভাপতি ময়নুজ্জামান চৌধুরী, ষ্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমারের প্রতিনিধি নীল ত্রিভেদী, ফিন্যান্সিং এজেন্ট শেরিন গুরু ও ভারত প্যাটেল, বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, সহ-সাধারণ সম্পাদক রাজু আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়াও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের মধ্যে অন্যতম ডিরেক্টর শাহিন ভূঁইয়া, ম্যানেজার রুহুল আমীন, টেকনিক্যাল ও প্রিন্টিং এক্সিকিউটিভ শফিকুর রহমান, ডেলিভারি এন্ড ওয়্যারহাউস ম্যানেজমেন্ট আদনানসহ অন্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শাহ নেওয়াজ গ্রুপের অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাদের মধ্যে আরো উপস্থিত ছিলেন নিউইয়র্ক সিনিয়র অ্যাডাল্ট ডে কেয়ারের ডিরেক্টর জাহিদ আলম, গোল্ডেন এইজ হোমকেয়ার-এর জ্যামাইকা অফিসের ম্যানেজার বেলাল আহমেদ, ডিএমভি এক্সপ্রেস-এর ইনচার্জ ও সাপ্তাহিক আজকাল-এর সিটি এডিটর অনিক রাজ, জেনারেল ম্যানেজার এবি সিদ্দিক, মার্কেটিং ম্যানেজার মোহাম্মদ আনিস, সাংবাদিক সায়েম আহমদ, সাদমান (জাহিন) নেওয়াজ প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্যে শাহ নেওয়াজ বলেন, কমিনিটিতে এই প্রথম পরিপূর্ণ প্রিন্টিং ও সাপ্লাই খাতে ব্যবসা শুরু করেছে ইষিকা সাপ্লাই হোলসেল। বিভিন্ন বড় বড় ফ্রাঞ্চায়েজ সাইন বানানোর জন্য যে মেটেরিয়ালস লাগবে সেই সব প্রিন্টিং ব্যবসায়ীরা আমাদের থেকে সুলভমূল্যে হোলসেলে মেটাল, অ্যালুমিনিয়াম ও মেশিনসহ বিভিন্ন তৈজষপত্র কিনতে পারবেন। এতে অন্য ব্যবসায়ীদের সঙ্গে কোনা প্রতিযোগিতার সুযোগ নেই। কারণ এটি সম্পূর্ণ একটি হোলসেল ব্যবসা। বলঅ যায়, এটি প্রিন্টিং খাতের ওয়ান স্টপ সল্যুশন। রিটেইল ব্যবসায়ীরা এই প্রতিষ্ঠানে সব ধরনের সেবা পাবেন। এছাড়াও প্রিন্টিং পেপার, প্রিন্টিং বোর্ডসহ যে কোন ধরনের প্রিন্টিং ম্যাটেরিয়ালের পাশাপাশি হোলসেল রেটে প্রিন্টিংও করিয়ে নিতে পারবেন। আমাদের কাছে বিশাল সাইজের প্রিন্টিং করিয়ে নেওয়া যাবে। যা এতদিন কমিউনিটির মানুষজন বাংলাদেশ থেকে করিয়ে আনতেন। সর্বোচ্চ ১০ ফিট বাই দেড়শ ফিট প্রিন্টিংও করা যাবে। তাছাড়া এ প্রিন্টিং হবে স্ক্র্যাচমুক্ত। আরো থাকবে যুক্তরাষ্ট্রের যে কোনো স্থানেই দ্রুততম সময়ের মধ্যে সরবরাহের ব্যবস্থা। তিনি বলেন, প্রিন্টিং জগতে ক্ষুদ্র থেকে পাইকারি সাইন ব্যবসায়ীদের দীর্ঘদিনের ম্যাটারিয়ালস এর সমস্যার সমাধান হবে বলে মনে করছেন প্রতিষ্ঠানের কর্ণধার।

অনুষ্ঠানে প্রতিষ্ঠানের কর্মীদের ফুলেল শুভেচ্ছা গ্রহণ করে শাহনেওয়াজ তার স্মৃতিচারণ করতে গিয়ে বলেন, ২০০০ সালে আমি এই গ্রুপ তৈরি করি। বাংলাদেশে আমার সাদিয়া শপিং কমপ্লেক্স তৈরি করার পরপরই নিট গার্মেন্টস ব্যবসা শুরু করি। এরপর গতবছর নিউইয়র্কে নতুন করে আবার শাহনেওয়াজ গ্রুপের নতুন লোগো উন্মোচন করি।

অনুষ্ঠানে অতিথি বক্তারা তাদের সংক্ষিপ্ত বক্তব্যে কমিউনিটিতে এমন ব্যবসার প্রসারে উদ্যোক্তা শাহ নেওয়াজের পাশাপাশি প্রতিষ্ঠানটির সার্বিক সাফল্য কামনা করে বলেন, প্রতিষ্ঠানটি ব্যবসায়িক সেবার পাশাপাশি বিশ্বস্ততা এবং নিখুঁত কাঁচামাল সাপ্লাইয়ের মাধ্যমে খুব সহসাই নম্বও ওয়ান প্রতিষ্ঠানে রূপান্তরিত হবে বলে মনে করেন অতিথিবৃন্দ।

### মুনার উদ্যোগে

# ইমাম'স অ্যান্ড কমিউনিটি লিডারদের আলোচনা সভা

*শেষ পাতার পর* নেই। তারা নতুন প্রজন্মকে দ্বীনি শিক্ষায় শিক্ষিত করার আহ্বান জানান। আবার কোনো কোনো বক্তা মুনার এই ধরনের মহতী আয়োজনের প্রশংসা করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুনার সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ডা. সাইদুর রহমান চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন মুনা নিউইয়র্ক নর্থ জোন সভাপতি মো. রাশেদুজ্জামান। সাংবাদিক, ইমাম, কমিউনিটি লিডার, ব্যবসায়ীদের মধ্য থেকে বক্তব্য রাখেন- আবু হুরায়রা মসজিদের ইমাম ও খতিব মাওলানা ফায়েক উদ্দিন, মুনা সেন্টার অব জ্যাকসন হাইটসের ইমাম ও খতিব অলিউর রহমান সিরাজী, সানি সাইড মসজিদে ইব্রাহিমের ইমাম ও খতিব মুফতি ইউসুফ, উডসাইড বায়তুল জান্নাহ মসজিদের ইমাম মুত্তাকি বিল্লাহ, উডসাইড মাদানি মসজিদের খতিব মাওলানা ইব্রাহিম, মূলধারার লিডার অ্যাটর্নি মঈন চৌধুরী, এমসি টিভির সিইও কাজী শামসুল হক, সাপ্তাহিক দেশ-এর সম্পাদক মিজানুর রহমান, এনটিভি যুক্তরাষ্ট্র প্রতিনিধি ফরিদ আলম, রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সাবেক সভাপতি আমিন খান জাকির, বিশিষ্ট ব্যবসায়ী দেলোয়ার হোসেন শিপন, আনোয়রুল ইসলাম, শিক্ষাবিদ মাহবুব আলম, মুনা এলমহার্স্ট চ্যাপ্টার সভাপতি নাসির উদ্দিন আহমেদ, জ্যাকসন হাইটস চ্যাপ্টার সভাপতি ফখরুল ইসলাম মাছুম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুনা নিউইয়র্ক নর্থ জোনের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদার। পরিচালনা করেন জোন সোশ্যাল সার্ভিস বিভাগের সহকারী পরিচালক কায়কোবাদ কবির। শুরুতে কোরআন থেকে তেলাওয়াত করেন ফাহিম আরাফাত। ইসলামি সংগীত পরিবেশন করেন আরাফাত রহমান।






# খোশ আমদেদ প্রফেসর ইউনুসের নতুন দল!

*শেষ পাতার পর* সহযোগীতার হাত প্রসারিত করেছেন। দল ূর্ণ দু'টো মন্ত্রণালয়-তথ্য এবং স্থানীয় সরকার, দুই সমন্বয়কের হাতে ন্যস্ত করেছেন। দলের আপাত: প্রধান ব্যক্তি যখন সরকারি পদ ছেড়ে বের হয়ে আসেন তাকে বুকে জড়িয়ে ধরে আশীর্বাদ করে দিয়েছেন। সবকিছু মিলিয়ে দলটা প্রফেসর সাহেবের বললে কি খুব একটা অত্যুক্তি হয়! নাহোক, প্রধান পৃষ্ঠপোষক তো বলা যায়ই। এর আগে প্রেসিডেন্ট জিয়া বা জেনারেল এরশাদ যখন নতুন দল করেছিলেন গোড়াতেই প্রধানের চেয়ারে বসে পড়েন নাই। জিয়া সাহেবের দলের প্রধান ছিলেন বিচারপতি সাত্তার, এরশাদ সাহেব শুরু করেছিলেন বিচারপতি আহসানউদ্দিন চৌধুরীকে দিয়ে। পরে সুবিধাজনক সময়ে নিজেরা যার যার দলের প্রধান হয়ে যান। সে হিসেবে নির্বাচনের আগে ছোট আকারের নির্বাচনকালীন সরকার গঠন করে দিয়ে প্রফেসর সাহেব যদি গিয়ে নতুন দলের সভাপতির পদ অলংকৃত করেন অবাক হওয়ার কিছু থাকবে কি! ২০০৭-৮এ একবার চেষ্টা করেছিলেন। লোকজন ছিল না বলে পিছিয়ে এসেছিলেন। এবার মোটামুটি একটা অবস্থা তৈরী হয়েছে। গেলে সে ইচ্ছাটাও পুরণ হবে। তার জন্য রইলো শুভকামনা।

নতুন দলকে অনেকেই ছাত্রদের দল বলছেন। ছাত্রদের দল হয়ে থাকে সাধারনত: অরাজনৈতিক ছাত্র সংগঠন। তারা তাদের নিজেদের লেখাপড়ার সমস্যা সমাধানে সংগঠন গড়ে আন্দোলন করে। ছাত্রদের কাজ লেখাপড়া করা, রাজনীতি করা না। কোন ছাত্র যদি রাজনীতি করতে চায় বা কোন দলে যোগ দেয় বা গঠন করে, সে আর ছাত্র থাকে না। দুনিয়ার অন্য কোথাওর কথা জানি না তবে সমসাময়িক বিশ্বে ছাত্রদের দ্বারা গঠিত একটামাত্র দলের নজীর পাওয়া যায়। তারা হচ্ছে আফগানিস্তানের তালিবান গোষ্ঠী। তালিবান পশতু শব্দ, অর্থ শিক্ষার্থী বা ছাত্র। মাদ্রাসা শিক্ষক মোল্লা ওমরের নেতৃতে পাকিস্তানঘেষা আফগানিস্তানের পশতু ভাষাভাষি অঞ্চলের মাদ্রাসাছাত্ররা এই দল গঠন করেছিল। আফগান দখলদারিত্বের আমলে আমেরিকা পাকিস্তান এদেরকে পেলেপুষে হৃষ্টপুষ্ট করে। বিন লাদেনকে আশ্রয়প্রশ্রয় দিয়ে আমেরিকার বিরাগভাজন হয়। আমেরিকার দখলদারিত্বের আমলে তাদের বিরুদ্ধে প্রতিরোধ যুদ্ধে লিপ্ত হয় এবং এক পর্যায়ে আমেরিকা সেখান থেকে পালালে ক্ষমতা দখল করে এখন পর্যন্ত চালিয়ে যাচ্ছে।

বাংলাদেশে যদি ছাত্ররা কোন রাজনৈতিক দল গঠন করে তবে তা হবে উপমহাদেশে ছাত্রদের বা 'তালিবানী' দ্বিতীয় দল। এই দলের নেতা বা সংগঠকরা সেদিন পর্যন্ত ছাত্র ছিল। ছাত্র হিসেবেই তারা কোটা বিরোধী আন্দোলন করেছে। জানি না এর মধ্যেই তাদের ছাত্রত্ব শেষ হয়ে গেছে কিনা, বা ছাত্রত্ব পরিত্যাগ করে রাজনৈতিক দল গঠন করেছে কিনা। তবে ধরে নেবো তাদের ছাত্র জীবন ইতিমধ্যেই সাঙ্গ হয়েছে, এখন তারা বৃহত্তর কর্মজীবনে প্রবেশ করেছে। সে হিসেবে এটা কোন দ্বিতীয় 'তালিবানি' দল না!

নতুন দলের ভবিষ্যৎ কি বা কতদুর যেতে পারবে তা নিয়ে ইতিমধ্যেই নানা আলোচনা সমালোচনা শুরু হয়েছে। যদি এটা সত্যিই কিংস পার্টি হয় বেশ খানিকটা চলবে। তবে তার জন্য পেরোতে হবে নানা চড়াই উৎড়াই।

সব দলের উদ্দেশ্য লক্ষ্যই এক, দেশের উন্নয়ন জনগনের মঙ্গল সাধন। কোন দলের মেনিফেস্টোতে লেখা থাকে না ক্ষমতায় গেলে আমরা লুটেপুটে খাবো বা দেশটাকে রসাতলে পাঠাবো। এ দলের দলিল দস্তাবেজেও নেই। তবে সব দলের মূল লক্ষ্য থাকে ক্ষমতায় যাওয়া। রাজনৈতিক দল কোন রামকৃষ্ণ মিশন না। এই দলেরও অভিন্ন লক্ষ্য। রাজনীতিতে বোনাফাইড পাওয়ার কন্টেন্ডর আরও আছে। স্বভাবতই: তাদের সাথে টক্কর লাগবে। মাঠে তো বটেই নির্বাচনেও মোকাবিলা করতে হবে। জিয়া সাহেব বা এরশাদ সাহেব ছিলেন সামরিক শাষক। দল গঠনে পুরো সরকারি প্রশাসনযন্ত্র নিয়োজিত করেছিলেন। শুধু তাই না, ভোটে কে জিতবে কে সংসদে আসবে তারও মেকানিজম চালিয়েছিল ডিজিএফআই, ইলেকশন কমিশন, ডিসি, এসপিরা। নতুন দলকে মেজরিটি সীটে জিতে ভবিষ্যতে সরকার গঠন করতে হলে একই মেকানিজম অথবা শেখ হাসিনার বিনা ভোটের নির্বাচন স্টাইলে কোন তরীকা অবলম্বন করতে হবে। সেটা এবার খুব একটা সম্ভব হবে বলে মনে হচ্ছে না।

ভোটের হিসাবে যদি যাই, দেশের ভোট সব ভাগ হয়ে আছে। আওয়ামী লীগ দলগতভাবে নির্বাচন করতে না পারলে সাধ্যমত স্বতন্ত্র করবে। তাদের ভোট তাদের বাক্সেই যাবে। যেখানে প্রার্থী থাকবে না সেসব জায়গায় ধান। বিএনপি'র ভোটও নির্দ্ধারিত। এই দুই দলের বাইরে জামায়াতেরও ভোট নির্দিষ্ট। থাকে স্বতন্ত্র বা ননকমিটেড ভোট। এদের অধিকাংশ গ্রামগঞ্জের সাধারণ বা শহরের নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষ, ভবঘুড়ে ফকির-ফাকরা। এসব ভোট আবার বেচাবিক্রি হয়। মুষ্ঠিমেয় কিছু শহুরে আঁতেল বা পন্ডিত যারা টিভি পর্দা ফাটায় এরা আবার ভোট দিতে যায় না! সব মিলিয়ে নতুন দলের ভোটার কারা, আমি আপাতত: দেখছি না।

ছাত্র তরুন যারা নতুন ভোটার হয়েছে বা গত পনের বছর ভোট দিতে পারেনি, সবাই দলে দলে বগল বাজাতে বাজাতে গিয়ে নতুন মার্কায় ভোট দিয়ে আসবে আর সেই ভোটে দল সরকার গঠন করবে, এটা একেবারেই ছেলেমানুষি ভাবনা।

জিয়া সাহেব দলে এনেছিলেন পুরো ভাসানী ন্যাপ। নেতাদের মধ্যে ছিলেন সিনিয়র রাজনীতিক মশিউর রহমান যাদু মিয়া, শাহ আজিজুর রহমান, এস এ বারী এটি, পেশাজীবিদের মধ্যে বিচারপতি সাত্তার, ডা. বদরুদ্দোজা চৌধুরী, সাইফুর রহমান, শামসুল হুদা চৌধুরী, ড. মতিনদের মত ব্যক্তিরা। এরশাদ পেয়েছিলেন হুদা-মতিনের নেতৃত্বে বিএনপির একটা বড় অংশ। নেতাদের মধ্যে যোগ দিয়েছিলেন মিজানুর রহমান চৌধুরী, শাহ মোয়াজ্জেম হোসেন, শামসুল হুদা চৌধুরী, ডা. মতিন, ব্যরিস্টার মওদুদ, আনোয়ার হোসেন মঞ্জু, আনোয়ার জাহিদ, সিরাজুল হোসেন খানদের মত নেতারা। নতুন দল শুরু হয়েছে রাজনীতিতে নবাগত কিছু তরুণ যুবককে নিয়ে। কেউ যদি মনে করেন এরা বেগম খালেদা জিয়া শেখ হাসিনা আ স ম রব, মাহমুদুর রহমান মান্না তারেক জিয়ার সাথে টক্কর দিয়ে বাজীমাৎ করে ফেলবে, এটা হবে অবাস্তব কল্পনা।

এর আগের দু'টি কিংস পার্টির গঠন প্রক্রিয়া ছিল একই রকমের। জিয়া সাহেব প্রথমে বিচারপতি সাত্তারের নেতৃত্বে বানিয়েছিলেন জাগদল। পরে আরও কিছু দল নিয়ে জাতীয়তাবাদী ফ্রন্ট এবং এক পর্যায়ে ফ্রন্টভূক্ত দলগুলোকে নিয়ে বিএনপি। এরশাদ সাহেবের প্রথম দল ছিল জনদল। দ্বিতীয় দফায় আরও কিছু দল নিয়ে জাতীয় ফ্রন্ট। সব শেষে ফ্রন্টের দলগুলোকে নিয়ে জাতীয় পার্টি। নতুন দলের প্রধান হয়েছেন এক তরুন। ভবিষ্যতে এদেরও কোন ফ্রন্ট গঠনের দরকার হবে কিনা, হলে কারা তাতে শামিল হবে বা ফ্রন্টভুক্তদের নিয়ে দলের আর এক রূপান্তর হবে কি না এখনই বলা যাচ্ছে না। তবে হ্যাঁ, প্রফেসর ইউনুস যদি কোন পর্যায়ে এসে দলের প্রধান পদটি অধিকার করেন তাহলে এই দলকে হিসাবে নিতে হবে।

দেশে নতুন ধরনের রাজনীতি দরকার, সন্দেহ নেই। এই রাজনীতি বিদ্যমান দলগুলো প্রতিষ্ঠা করবে, না তরুণ যুবকরা এসে করবে এই বিতর্ক স্বত্বেও শত ফুল ফুটতে দাও এই দর্শনের আলোকে নতুন দলকে স্বাগত:। ছাত্রত্ব সাঙ্গ করে নুরুল হক নুররা যখন নতুন দল করেছিল তাদেরকেও স্বাগত: জানিয়েছিলাম। সরকারি পৃষ্ঠপোষকতা না পাওয়ায় তারা কখনও অত বড় শোডাউন করতে পারেনি, দল হিসেবে এখনও বাল্যকালেই হামাগুড়ি দিচ্ছে। আশা করবো নতুন আগতরা তাড়াহুরো করবে না, যে করেই হোক এইবারই ক্ষমতায় যেতে হবে- এমন উত্তেজনায় ভুগবে না। এমন মানসিকতা শুধু তাদেরই ক্ষতি ডেকে আনবে না, দেশের জন্যও তৈরী করবে নতুন সংকট।

# যুক্তরাষ্ট্রে অভিবাসীদের রক্ষায় বাংলাদেশ সরকারের পদক্ষেপ গ্রহণের দাবি

*শেষ পাতার পর*

পাঠ করেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও ইন্টার ষ্টেট বিএনপির সভাপতি কাজী সাখাওয়াত হোসাইন আজম এবং পরিচালনা করেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও ইন্টার স্টেট বিএনপির সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ। খবর ইউএনএ'র।

সংবাদ সম্মেলনে মঞ্চে উপবিষ্ট ছিলেন সংগঠনের সিনিয়র সহ সভাপতি সালেহ চৌধুরী, বীর মুক্তিযুদ্ধা মশিউর রহমান, যুক্তরাষ্ট্র জাসাস-এর সদস্য সচিব জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, নোয়াখালী জাতীয়তাবাদী ফোরাম-এর সভাপতি নাঈম টুটুল, কোকো স্মৃতি পরিষদ-এর সভাপতি শাহাদাত হোসাইন রাজু, যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক আবুল কালাম, বিএনপি নেতা হারুন চেয়ারম্যান ও মোহাম্মদ ফরহাদ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যের দাবীর মধ্যে রয়েছেঃ সবার আগে জাতীয় সংবাদ নির্বাচন, তারেক রহমান দেশে ফেরার দিন বিমানবন্দরে পূর্ণ নিরাপত্তা প্রদান, বিএনপি নেতা ইলিয়াস আলী ও চৌধুরী আলম সহ গুম-খুন হওয়া নেতা-কর্মীদের সন্ধান এবং ঘটনার সাথে জড়িতদের বিচার, ট্রাম্প প্রশাসনের অভিভাবসন নীতির বিষয়ে প্রবাসীদের রক্ষায় বাংলাদেশ সরকারের সহযোগিতা, প্রবাসীদের ভোটাধিকার ও এন আইডি কার্ড, প্রশাসনে বিদ্যমান আওয়ামী দলীয় সকল আমলা ও কর্মকর্তাদের দ্রুত অপসারণ, পিলখানা হত্যাকান্ডের বিচার, জাতীয় সংসদ নির্বাচনে প্রবাসী কোটায় ২৫টি আসন বরাদ্দ, পুনরায় ঢাকা-নিউইয়র্ক রুটে বিমান চালু, আয়না ঘর সংশ্লিস্টদের দ্রুত বিচার, সাগর-রুনি হত্যার বিচার, বিদেশে বসে দেশ বিরোধী চক্রান্তকারীদের আইনের আওতায় নেয়া এবং দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি।

সংবাদ সম্মেলনে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন কাজী সাখাওয়াত হোসেন আজম, ফিরোজ আহমেদ, সালেহ চৌধুরী ও হারুন চেয়ারম্যান।




*নিউইয়র্ক: সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন ইন্টার ষ্টেট বিএনপির সভাপতি কাজী সাখাওয়াত হোসাইন আজম*



*নিউইয়র্ক: ইন্টার ষ্টেট বিএনপির সংবাদ সম্মেলনে উপস্থিত নেতৃবৃন্দ*

# নির্বাচনী জোট গড়তে বিএনপিসহ ৪ দলের সঙ্গে যোগাযোগ রাখছে এনসিপি

**ঢাকা ডেস্কঃ** চমক দেখিয়ে আত্মপ্রকাশ ঘটেছে গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেয়া ছাত্রদের রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি-এনসিপি'র। আনুষ্ঠানিক আত্মপ্রকাশের আগ থেকেই নির্বাচনমুখী চিন্তা ভাবনা করছেন দলটির নেতারা। তাদের নিয়ে কৌতূহল ছিল রাজনৈতিক দলগুলোর মধ্যেও। বিভিন্ন সময় তারা নানা ইস্যুতে রাজনৈতিক শক্তিগুলোর সঙ্গে আলাপ আলোচনাও চালিয়েছেন। অরাজনৈতিক সংগঠন জাতীয় নাগরিক কমিটির ব্যানারে শিক্ষার্থীদের কর্মসূচির উদ্দেশ্য ছিল সব রাজনৈতিক দল ও মতের মানুষদের কাছাকাছি পৌঁছা।

নিজেদের গ্রহণযোগ্যতা বাড়ানো। একইসঙ্গে রাজনৈতিক দল ও নির্বাচনী জোট নিয়েও ভেতরে ভেতরে আলোচনা চালিয়ে গেছেন তারা। আনুষ্ঠানিক আত্মপ্রকাশের পর জানা গেছে, নির্বাচনী জোট গড়তে বিএনপিসহ চার দলের সঙ্গে যোগাযোগ রক্ষা করছে এনসিপি। অন্য দলগুলো হলো- এবি পার্টি, বাংলাদেশ জাতীয় পার্টি (বিজিপি)। আরেকটি দলের নাম জানা যায়নি। এসব দলের বিশ্বস্ত সূত্র আলোচনার বিষয়টি মানবজমিনকে নিশ্চিত করেছে। জানা গেছে, দল গঠনের আগ থেকেই নির্বাচনী জোট নিয়ে তৎপর ছিলেন ছাত্রনেতারা। অন্যদিকে শিক্ষার্থীদের নিজেদের পাশে রাখার চেষ্টা করেছে অন্যান্য দলও। বিশেষ করে বিএনপি-জামায়াত দুই দলই ছাত্রদের সুসম্পর্ক ধরে রাখার চেষ্টা করেছে।

একটি সূত্র জানিয়েছে, প্রয়োজনে এনসিপি বিএনপি'র সঙ্গেও রাজনৈতিক বা নির্বাচনী বোঝাপড়ায় যেতে পারে। এর প্রাথমিক আলোচনাও হয়েছে আগে। তখন তারা দলটির কাছে শতাধিক আসন চেয়েছিল। তবে বিএনপি থেকে শুরুতে ৫-৭টি আসন ছাড়ার প্রস্তাব থাকলেও এখন দলটি এনসিপিকে জোটে নিতে ২০-২৫টির মতো আসন দিতে চায় এমন আলোচনাও আছে।

অন্যদিকে জামায়াত ছাত্র-জনতার নতুন দল গঠনে বিশেষ ভূমিকা রেখেছে বলে রাজনৈতিক অঙ্গনে আলোচনা ছিল শুরু থেকেই। জামায়াতও ছাত্রদের নতুন দল এনসিপিকে নিয়ে নির্বাচনী জোট গড়তে চায়। তবে এখনো এ নিয়ে দলটির পক্ষে প্রকাশ্যে কিছু বলা হচ্ছে না। দলটির সূত্র জানিয়েছে, অন্যান্য ইসলামী দলসহ সমমনা আরও কিছু দল নিয়ে তারা বড় জোট করতে আগ্রহী। এক্ষেত্রে নতুন দল যুক্ত হলে নির্বাচনী হিসাবনিকাশ পাল্টে যেতে পারে বলে জামায়াত নেতারা মনে করছেন।


তবে এনসিপি'র একটি অংশ জামায়াতের সঙ্গে নির্বাচনী জোট গড়তে আগ্রহী নয়। তারা জামায়াত ছাড়া অন্য দলগুলোর সঙ্গে জোট করতে চায়। এনসিপি'র একজন নেতা নাম প্রকাশ না করা শর্তে বলেন, নতুন রাজনৈতিক দল হিসেবে আমাদের অন্যান্য রাজনৈতিক দলের সঙ্গে যোগাযোগ থাকবে এটাই স্বাভাবিক। আমাদের দল খুব শিগগিরই প্রতীক চূড়ান্ত করে নিবন্ধনের প্রক্রিয়া শুরু করবে। নির্বাচন হতে এখনো অনেক দেরি। যখন নির্বাচন হবে তখন দেখা যাবে কে কোন জোটে যায়। সে সময় যে কারও সঙ্গেই জোট হতে পারে।

উল্লেখ্য, গত ৫ই আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর দেশ পরিচালনার দায়িত্ব নেয় প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। এরপর তারা জনচাহিদা অনুযায়ী নানা সংস্কার কাজে হাত দেয়। কিন্তু কয়েক মাস থেকেই বিএনপিসহ বেশ কয়েকটি দল নির্বাচনের জন্য সরকারকে চাপে রেখেছে। সরকার চলতি বছরের ডিসেম্বর থেকে আগামী বছরের মার্চের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের চেষ্টা চালাচ্ছে বলে জানা গেছে।









# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-54 168th Street, 2nd Fl | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica, NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |

# CDPAP সার্ভিস নিয়ে

## কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

## PPL & NYS DEPARTMENT OF HEALTH
## এর অনুমোদিত আমরা আপনার হোম কেয়ার সার্ভিস দিতে পারবো।

আমরা বাংলায় কথা বলি

## আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন।

এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না।

আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756 | Email: cdpap@bestcare.com

| Nassau | Queens | Bronx | Staten Island | Suffolk | Manhattan | Brooklyn |
|---|---|---|---|---|---|---|
| 50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550 | 70-60 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375 | 4119 White Plains Road Bronx, NY 10466 | 60 Bay Street Suite 506 Staten Island, NY 10301 | 97 West Main Street Bayshore, NY 11706 | 260 W 36th ST Suit 400, New York, NY 10018 | 1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210 |






The Weekly Bangla Patrika

# বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ২৩ : সোমবার, ফাল্গুন ১১, ১৪৩১ / শাবান ২৪, ১৪৪৬
Vol. 29 : Issue 23 : March 3, 2925 USA
Free in NY, Other State $1


## ইন্টার ষ্টেট বিএনপি ইউএসএ'র সংবাদ সম্মেলন

# যুক্তরাষ্ট্রে অভিবাসীদের রক্ষায় বাংলাদেশ সরকারের পদক্ষেপ গ্রহণের দাবি

**নিউইয়র্ক:** ইন্টারষ্টেট বিএনপি ইউএসএ বাংলাদেশের অন্তবর্তী সরকারের কাছে ১৫ দফা দাবী করেছে। শুক্রবার (২৮ ফেব্রুয়ারী) সন্ধ্যায় নিউইয়র্কে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষে দাবীগুলো উত্থাপন করা হয়। জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলন লিখিত বক্তব্য *২৯-এর পৃষ্ঠায় দেখুন*

## সাইদ তারেকের কলাম

# খোশ আমদেদ প্রফেসর ইউনুসের নতুন দল!



শিরোনাম দেখে অনেকেই বলবেন এ আবার কেমন কথা! দল বানালো ছাত্ররা, তা প্রফেসর সাহেবের হলো কি করে। হলো এইভাবে, তিনি এই দল গঠনে ছাত্রদেরকে উৎসাহিত করেছেন। ছাত্রদের দল গঠনের যৌক্তিকতা তুলে ধরেছেন। সরকারি সাহায্য *২৮-এর পৃষ্ঠায় দেখুন*

# কমিউনিটিতে জমজমাট ইফতার পার্টির আয়োজন

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় পবিত্র মাহে রমজান শুরু হয়েছে। রমজান ঘিরে বদলে গেছে মুসলিম কমিউনিটির চেহারা। বিশেষ করে রমজান ঘিরে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটিতে শুরু হয়েছে জমজমাট ইফতার পার্টি। ইতিমধ্যেই বিভিন্ন সংগঠনের উদ্যোগে ইফতার মাহফিল আয়োজনের কর্মসূচী ঘোষণা করা হয়েছে। কোন কোন দিন একই সময়ে একাধিক ইফতার মাহফিলের আয়োজন হয়েছে। অপরদিকে ইফতার পার্টি ঘিরে জমে উঠেছে কমিউনিটির রেষ্টুরেন্ট ব্যবসাও। রেষ্টুরেন্টগুলোতে এবার ইফতারী বক্স বিক্রি হচ্ছে ১০ থেকে ১৪ ডলারে।

পবিত্র রমজান উপলক্ষ্যে বিভক্ত জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা রোববার (২ মার্চ) ইফতার মাহফিল আয়োজন করে। সভাপতি বদরুল হোসেন খান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম নেতৃত্বাধীন এসোসিয়েশনের ইফতার পার্টি সিটির উডসাইডের গুলশান ট্যারেসে অনুষ্ঠিত হয়। অপরদিকে সভাপতি মইনুল ইসলাম ও সাধারণ সম্পাদক আতাউল গণি আসাদ নেতৃত্বাধীন এসোসিয়েশনের ইফতার মাহফিল উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত হয়। অপরদিকে নর্থ বেঙ্গল ফাউন্ডেশন একই দিন জ্যামাইকার সাতফিন বুলেভার্ডস্থ আল আকসা পার্টি হলে অনুষ্ঠিত হয়।

### জমে উঠেছে রেষ্টুরেন্ট ব্যবসাও : ইফতার বক্স ১০-১৪ ডলার

এছাড়াও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল সোমবার (৩ মার্চ) বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন অফিসে, একই দিন কুইন্স বাংলাদেশ সোসাইটির ইফতার মাহফিল জ্যাকসন হাইটসের সানাই রেষ্টোরেন্টে আয়োজন করা হয়েছে। ৮ মার্চ শনিবার ভাটেরা এসোসিয়েশন অব ইউএসএ'র ইফতার মাহফিল কুইন্সের ফরেস্ট হিলের আগ্রা প্লেস এন্ড পার্টি হলে, ৯ মার্চ রোববার বাংলাদেশ সোসাইটির কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল পর্ব ও ইফতার মাহফিল উডহ্যাভেনের জয়া পার্টি হলে, প্রবাসী টাঙ্গাইলবাসী ইউএসএ'র ইফতার মাহফিল জ্যামাইকার ইকরা পার্টি হলে এবং বৃহত্তর রাজশাহী সমিতি ইউএসএ'র ইফতার মাহফিল *১২-এর পৃষ্ঠায় দেখুন*

## মুনার উদ্যোগে

# ইমাম'স অ্যান্ড কমিউনিটি লিডারদের আলোচনা সভা

**নিউইয়র্ক:** পবিত্র মাহে রজমানকে স্বাগত জানিয়ে মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা) বিভিন্ন মসজিদের ইমাম অ্যান্ড কমিউনিটির লিডারদের নিয়ে আলোচনা সভা ও ডিনার পার্টির আয়োজন করে। অনুষ্ঠানে বক্তারা পবিত্র রমজানের গুরুত্ব নিয়ে আলোচনা করেন এবং সবাই আত্মশুদ্ধির মাসের সুযোগটি গ্রহণ করার অনুরোধ জানান। তারা বলেন, এই মাস হচ্ছে সবচেয়ে বরকত এবং রহমতের মাস।

এই মাসেই মুসলমানরা পাপমুক্ত হওয়ার সুযোগ পেয়ে থাকেন। যারা একে কাজে লাগাতে পারেন না, তাদের মতো দুর্ভাগা আর কেউ *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

# ওজনপার্কে যাত্রা শুরু 'ইশিকা সাইন সাপ্লাই'

**নিউইয়র্ক:** 'বিজ্ঞাপন ব্যানার ও প্রিন্টিং খাতের টোটাল সল্যুশন' নিয়ে যাত্রা শুরু হলো বাংলাদেশী মালিকানাধীন হোলসেল প্রতিষ্ঠান 'ইশিকা সাইন সাপ্লাই'র। গত ২১ ফেব্রুয়ারী অমর একুশের দিন শুক্রবার ভাষা শহীদদের স্মরণ করার মধ্য দিয়ে ওজন পার্কের ৮৪-২২ ১০১ এভিনিউ ঠিকানায় গ্র্যান্ড ওপেনিং হয় প্রতিষ্ঠানটির। অনাড়ম্বর এই অনুষ্ঠানের শুরুতে ৫২'র ভাষা আন্দোলন ও স্বাধীনতা যুদ্ধ এবং ২৪ সালের গণঅভ্যুত্থানে আহত ও নিহতদের স্মরণ করা হয়। উল্লেখ্য, প্রতিষ্ঠানটির কর্ণধার বিশিষ্ট ব্যবসায়ী এবং শাহ নেওয়াজ গ্রুপের কর্নধার লায়ন শাহ নেওয়াজ। তিনি অতিথিদের নিয়ে কম্পিউটারের বাটন টিপে *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

# নিউইয়র্কে ১৩ এপ্রিল 'বাংলাদেশ ডে প্যারেড'

**বাংলা পত্রিকা রিপোর্ট:** বাংলাদেশ সোসাইটি এবার নিউইয়র্কে 'বাংলাদেশ ডে প্যারেড' আয়োজনের উদ্যোগ নিয়েছে। বাংলাদেশ ডে প্যারেড ১৩ এপ্রিল রোববার এই প্যারেড অনুষ্ঠিত হবে। এতে ১৫/২০ হাজার প্রবাসী বাংলাদেশীর সমাবেশ এবং প্রবাসের অর্ধ শতাধিক সংগঠন অংশ নেবে বলে আশা করছেন উদ্যোক্তারা। প্যারেডে গ্র্যান্ড মার্শাল থাকবেন বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ গ্রুপের কর্ণধার লায়ন শাহ নেওয়াজ আর প্রধান উপদেষ্টা মনোনীত হয়েছেন বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক গিয়াস আহমেদ। প্যারেড উপলক্ষ্যে আয়োজিত 'মিট দ্যা প্রেস' অনুষ্ঠানে বিস্তারিত তুলে ধরা হয়।

জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে গত ২৬ ফেব্রুয়ারী বুধবার আয়োজিত সংবাদ সম্মেলনে বিস্তারিত জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফাহাদ সোলায়মান। সংবাদ সম্মেলনে সোসাইটির *৮-এর পৃষ্ঠায় দেখুন*

# নিউইয়র্কের ৫ বরোতে ইফতার বিতরণ শুরু

**বাংলা পত্রিকা ডেস্ক:** প্রতি বছরের মত এবছরও রমজান উপলক্ষে নিউইয়র্কের ৫ বরোকে রোজাদারদের মধ্যে ইফতার খাদ্য বিতরণ করা হবে। নিউইয়র্ক সিটি কম্পট্রলার ব্র্যাড ল্যান্ডার ইসলামিক রিলিফ, ইউএসএ'র সহায়তায় এ বছর ৫ বরোতে মোট ১২,০০০ ইফতার বক্স বিলি করা হবে বলে জানা গেছে।

'ইফতার অন দ্য গো' শিরোনামে এই কর্মসূচীতে যে স্পটে যত ইফতার বক্স থাকবে তা 'আগে এলে আগে পাবে' ভিত্তিতে বিতরণ করা হবে।

*২৬-এর পৃষ্ঠায় দেখুন*

# উনবাঙাল'র একুশের বইমেলায় প্রবাসীদের বিপুল সাড়া

**বাংলা পত্রিকা রিপোর্ট:** অমর একুশে মহান শহীদ দিবস তথা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে শিল্প-সাহিত্য সংগঠন উনবাঙাল প্রথমবারের মতো নিউইয়র্কে তিনদিনব্যাপী বইমেলার আয়োজন করে। 'পৃথিবী জুড়ে বাঙালী, বাঙালীর পৃথিবী' শ্লোগান আর প্রবাসের 'লেখক-পাঠক সংযোগ'-এর বন্ধনকে আরো *৯-এর পৃষ্ঠায় দেখুন*

# যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

## এক স্লিপ



**সালাহউদ্দিন আহমেদ:** নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় পহেলা মার্চ থেকে পবিত্র রমজান শুরু হয়েছে। রমজান সিয়াম সাধনার মাস, আত্মশুদ্ধির মাস, সংযোমের মাস। বছরের পর বছর ঘুরে ফিরে রমজান ফিরে আসে। কিন্তু রমজান থেকে কে কতুটুকু শিক্ষা নিলাম বা পেলাম সেটাই বড় কথা। শনিবার এবছরের প্রথম রোবার দিন নিউইয়র্কের একটি পুরনো সাপ্তাহিকী'র সম্পাদক মহোদয়ের সাথে আলাপকালে রমজান নিয়ে কথা বলার এক পর্যায়ে তিনি বললেন, আমাদের বাংলাদেশী কমিউনিটিতে রমজান মাসে ইফতার পার্টি আয়োজনের হিড়িক দেখা যাচ্ছে। কখনো কখনো তা উৎসবমুখর হয়ে উঠছে। আবার *২৯-এর পৃষ্ঠায় দেখুন*

# জালালাবাদ এসোসিয়েশন (মইনুল-আসাদ) ইফতার মাহফিল

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র প্রবাসী বৃহত্তর সিলেটবাসীদের সামাজিক সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইফতার মাহফিল ধর্মীয় ভাবগম্ভীর্য পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। সভাপতি মইনুল ইসলাম ও সাধারণ সম্পাদক আতাউল গনি আসাদ নেতৃত্বাধীন এসোসিয়েশন রোববার (২ মার্চ) সন্ধ্যায় নিউইয়র্ক সিটির উডসাইডের কুইন্স প্যালেসে এই মাহফিলের অয়োজন করা হয়। এতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ সর্বস্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন।

ইফতার মাহফিলের শুরুতে পবিত্র *৩-এর পৃষ্ঠায় দেখুন*

## ওজনপার্কের আল ফোরকান জামে মসজিদ

# সম্প্রসারণে প্রয়োজন ৮ মিলিয়ন ডলার

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের বিভিন্ন এলাকায় বাংলাদেশী সহ অন্যান্য দেশের মুসলমানদের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। নামাজের জায়গা সংকুলানে ইতিমধ্যেই বিভিন্ন মসজিদের সামনের রাস্তায় *৫-এর পৃষ্ঠায় দেখুন*

# জালালাবাদ এসোসিয়েশনের (বদরুল-হাকিম) ইফতার মাহফিল অনুষ্ঠিত

**বাংলা পত্রিকা রিপোর্ট:** যুক্তরাষ্ট্র প্রবাসী বৃহত্তর সিলেটবাসীদের সামাজিক সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইফতার ও দোয়া মাহফিল ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। সভাপতি বদরুল হোসেন খান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রুকন হাকীম নেতৃত্বাধীন এসোসিয়েশন *২-এর পৃষ্ঠায় দেখুন*













Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com